


NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী








৮ 'মানুষ হিসেবে খেলোয়াড়দের বোঝা গম্ভীরের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ'

আধিনায়ক সূর্যকুমার বললেন, 'আমি আর আগের মানুষ নেই' ৮



কলকাতা ২৭ জুলাই ২০২৪ ১১ শ্রাবণ ১৪৩১ শনিবার অষ্টাদশ বর্ষ ৪৮ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 27.7.2024, Vol.18, Issue No. 48, 8 Pages, Price 3.00


### 'কেন্দ্রীয় বঞ্চনা'র কথা সর্বসমক্ষে তুলে ধরতে

# নীতি আয়োগের বৈঠকে আজ যোগ দেবেন মমতা




**নয়াদিল্লি, ২৬ জুলাই:** নীতি আয়োগের বৈঠকে যোগ দেওয়ার ব্যাপারে একসঙ্গে সিদ্ধান্ত হলে অন্য কিছু ভাবা যেত। শুক্রবার দিল্লি পৌঁছে সাংবাদিকদের সঙ্গে চা-চক্রে এমনটাই বললেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

শনিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে নীতি আয়োগের বৈঠক রয়েছে। বিরোধী জোটের মুখ্যমন্ত্রীদের প্রায় সকলেই তা বয়কট করলেও সেই বৈঠকে যোগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন মমতা। তিনি জানিয়েছেন, নীতি আয়োগের বৈঠকে ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনও যোগ দিতে পারেন। যা নিয়ে জোর আলোচনা শুরু হয়েছে জাতীয় রাজনীতিতে। 'ইন্ডিয়া'র অন্দরে 'নীতিগত বিরোধ' নিয়ে প্রশ্ন ওঠে। প্রশ্ন ওঠে বিরোধী শিবিরের শরিকদের মধ্যে সমন্বয় নিয়েও। তার প্রেক্ষিতে শুক্রবার দিল্লিতে চাণক্যপুরীর নতুন বঙ্গভবনে মমতা বলেন, 'নীতি আয়োগের বৈঠকে যোগ দেওয়ার সিদ্ধান্ত বাজেট পেশের আগেই নিয়েছিলাম। কিন্তু সবাই মিলে আলোচনা করে যদি কোনও সিদ্ধান্ত হত, তা হলে অন্য কিছু ভাবতাম।'

মুখ্যমন্ত্রী মমতা নীতি আয়োগের বৈঠকে যোগ দেবেন কি না, তা নিয়ে গত দু'দিন ধরেই নানাবিধ জল্পনা চলছিল। বিরোধী জোটের অন্য মুখ্যমন্ত্রীরা একে একে বৈঠকে যোগ না-দেওয়ার কথা আগেই ঘোষণা করে দিয়েছিলেন। মমতাও সেই পথে হেঁটে বৈঠক বয়কট করবেন কি না, প্রশ্ন ছিল তা নিয়ে। তৃণমূলের অবশ্য দাবি, 'কেন্দ্রীয় বঞ্চনা'র কথা সর্বসমক্ষে তুলে ধরতে শুরু থেকেই বৈঠকে যোগ দেওয়ার ব্যাপারে আগ্রহী ছিলেন বাংলার মুখ্যমন্ত্রী। 'ইন্ডিয়া'র শরিকদের বৈঠকে তা জানিয়েও দেওয়া হয়েছিল দলের তরফে। কিন্তু বিষয়টি নিয়ে বৃহস্পতিবার পর্যন্ত মুখ্যমন্ত্রী প্রকাশ্যে কোনও মন্তব্য না করায় যে ধোঁয়াশা তৈরি হয়, তা দূর হয় শুক্রবার দুপুরে। দিল্লির উদ্দেশে রওনা দেওয়ার আগে কলকাতা বিমানবন্দরে দাঁড়িয়ে মমতা নিজেই জানান, শনিবার তিনি নীতি আয়োগের বৈঠকে যোগ দেবেন। যোগ দিতে পারেন হেমন্তও। কলকাতা থেকে দিল্লির উদ্দেশে রওনা দেওয়ার সময়েই নীতি আয়োগের বৈঠকে যোগ দেওয়ার কারণ ব্যাখ্যা করেছিলেন মমতা। দিল্লিতেও একই কথা বলেন তিনি। মমতার অভিযোগ, কেন্দ্রীয় সরকার 'বিমাতৃসুলভ' আচরণ করছে। বাংলাকে তো বঞ্চনা করাই হচ্ছে, সেই সঙ্গে বাংলা ভাগেরও চক্রান্ত করা হচ্ছে। বিজেপি সাংসদেরা তা নিয়ে লাগাতার বিবৃতি দিয়ে যাচ্ছেন। এর প্রতিবাদ জানাতেই নীতি আয়োগের বৈঠকে যোগ দেবেন তিনি। মমতা বলেন, 'বৈঠকে থাকব কিছু ক্ষণ। কিছু বলতে দিলে বলব। বাংলার হয়ে কথা বলব। আর বলতে না-দিলে প্রতিবাদ করে বেরিয়ে আসব।'

মমতা যেখানে বঞ্চনার অভিযোগ তুলে সরব হতেই নীতি আয়োগের বৈঠকে যোগ দিচ্ছেন, সেখানে 'বঞ্চনা'কেই অস্ত্র করে বৈঠক বয়কট করেছেন বাকিরা। এতেই 'নীতিগত বিরোধ' দেখছেন অনেকে। মঙ্গলবার সংসদে বাজেট পেশের দিনই কংগ্রেস জানিয়ে দিয়েছিল, তাদের তিন মুখ্যমন্ত্রী কর্নাটকের সিদ্ধারামাইয়া, তেলঙ্গানার রেবন্ত রেড্ডি এবং হিমাচলপ্রদেশের সুখবিন্দর সিং সুখু নীতি আয়োগের বৈঠকে যোগ দেবেন না। এর পর একে একে বৈঠকে যোগ না-দেওয়ার কথা জানিয়ে দেন আপ নেতা তথা পঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবত মান, ডিএমকে-র নেতা তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এমকে স্ট্যালিনও। কেরলের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়নও প্রধানমন্ত্রী মোদিকে চিঠি দিয়ে বৈঠকে না-থাকার কথা জানিয়ে দিয়েছিলেন বলে জানিয়েছে সংবাদ সংস্থা পিটিআই। ঝাড়খণ্ডের হেমন্ত অবশ্য তখনও প্রকাশ্যে কিছু জানাননি। তবে আলোচনার কেন্দ্রবিন্দুতে ছিল, মমতা কী সিদ্ধান্ত নেন, তা নিয়ে।

# রাজ্যপালের মানহানি হয়েছে কি না দেখবে সিঙ্গল বেঞ্চই



**নিজস্ব প্রতিবেদন:** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মন্তব্যে রাজ্যপাল সিভি আনন্দ বোসের মানহানি হয়েছিল কি না, কলকাতা হাইকোর্টের সিঙ্গল বেঞ্চকেই তা বিবেচনা করে দেখতে বলল ডিভিশন বেঞ্চ। নতুন করে এ ব্যাপারে হলফনামা জমা নিতে হবে সিঙ্গল বেঞ্চকে। তার পর সিদ্ধান্ত নিতে হবে। একই সঙ্গে ডিভিশন বেঞ্চ জানিয়েছে, রাজ্যপালের বিরুদ্ধে মন্তব্য করা যাবে। তবে তাতে যেন কোনও ভাবেই তাঁর সম্মানহানি না ঘটে, সে বিষয়টিও মাথায় রাখতে হবে মুখ্যমন্ত্রীকে।

মানহানি সংক্রান্ত মামলাটিতে সিঙ্গল বেঞ্চের অন্তর্বর্তীকালীন নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টের বিচারপতি ইন্দ্রপ্রসন্ন মুখোপাধ্যায় এবং বিচারপতি বিশ্বরূপ চৌধুরীর ডিভিশন বেঞ্চে মামলা করা হয় মুখ্যমন্ত্রীর তরফে। শুক্রবার তার শুনানি ছিল। ডিভিশন বেঞ্চ জানিয়েছে, এ বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে সিঙ্গল বেঞ্চকেই। সব পক্ষের কাছ থেকে নতুন করে হলফনামা জমা নেবে আদালত। তার পর সব দিক বিবেচনা করে রাজ্যপালের মানহানি হয়েছে কি না, সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রীর একটি মন্তব্যের বিরুদ্ধে হাইকোর্টে মানহানির মামলা করেছিলেন রাজ্যপাল। পরে তৃণমূলের দুই বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়, রেয়াত হোসেন সরকার এবং তৃণমূল নেতা কুণাল ঘোষকেও ওই মামলায় যুক্ত করা হয় রাজ্যপালের তরফে। গত ১৬ জুলাই বিচারপতি কৃষ্ণ রাওয়ের এজলাসে শুনানি হয় এই মামলার। সিঙ্গল বেঞ্চ পর্যবেক্ষণে জানিয়েছিল, মামলাকারীর দাবি অনুযায়ী, বেশ কিছু মন্তব্যে তাঁর মর্যাদা ক্ষুণ্ণ হয়েছে। ওই রকম মন্তব্য থেকে বিরত থাকা উচিত। আদালত জানায়, আগামী ১৪ অগস্ট পর্যন্ত রাজ্যপালের মানহানি হয়, এমন কোনও মন্তব্য করা থেকে বিরত থাকতে হবে মুখ্যমন্ত্রীকে। সিঙ্গল বেঞ্চের সেই অন্তর্বর্তীকালীন নির্দেশকেই চ্যালেঞ্জ জানিয়ে ডিভিশন বেঞ্চে মামলা হয়েছিল। মুখ্যমন্ত্রীর তরফে মামলাটি লড়ছেন আইনজীবী সৌমেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

মুখ্যমন্ত্রীর আইনজীবীর বক্তব্য ছিল, মুখ্যমন্ত্রী জনগণের স্বার্থে ওই মন্তব্য করেছিলেন। রাজ্যপালের করা মানহানি মামলায় অভিযোগের পক্ষে কোনও প্রমাণ ছাড়াই অন্তর্বর্তী নির্দেশ দিয়েছে সিঙ্গল বেঞ্চ। রাজ্যপালের উদ্দেশে করা মুখ্যমন্ত্রীর কোনও মন্তব্যই মানহানিকর নয় বলেও জানান তিনি। অনুরূপ দাবি করেন মামলায় অভিযুক্ত সায়ন্তিকা, রেয়াত, কুণালেরাও। আপাতত মামলাটি সিঙ্গল বেঞ্চে ফেরত পাঠাল ডিভিশন বেঞ্চ।

## বাংলাদেশকে উড়িয়ে দিয়ে এশিয়া কাপের ফাইনালে ভারত



**নিজস্ব প্রতিবেদন:** মেয়েদের এশিয়া কাপের নয় বারে প্রত্যেকবারেই ফাইনালে জায়গা করে নিল ভারত। এর আগের আটবারের মধ্যে সাতবারই চ্যাম্পিয়ন ভারত। অর্থাৎ, এই পরিসংখ্যান থেকে স্পষ্ট, এশিয়া কাপের সবচেয়ে সফল দল ভারতই। মাত্র একবার রানার্স। ২০১৮ সালে ভারতকে হারিয়েই একমাত্র ট্রফি জিতেছিল বাংলাদেশ মহিলা ক্রিকেট দল। এবার ১০ উইকেটে বাংলাদেশকে হারিয়ে এশিয়া কাপের ফাইনালে ভারতের মহিলা দল। শুক্রবার সেমিফাইনালে মাত্র ৮১ রান তাড়া করে ফাইনালে চলে গেল ভারত।

গোটা ম্যাচে একবারের জন্যও মনে হয়নি যে জেতার জায়গায় রয়েছে বাংলাদেশ। এদিন টসে জিতে ভারতকে ফিল্ডিং করতে বাংলাদেশ অধিনায়ক নিগার সুলতানা। প্রথম স্পেলেই বাংলাদেশের টপ অর্ডারে ধস নামান রেনুকা সিং ঠাকুর। প্রথম ওভার থেকেই ম্যাচে আধিপত্য দেখাতে শুরু করে ভারত। বিষাক্ত ইনসুইঙ্গারে ওপেনার দিলারা আক্তারকে ফিরিয়ে দেন রেণুকা সিং। শুরুতেই মাত্র ২১ রানে তিন উইকেট হারায় বাংলাদেশ। সেখান থেকে আর ম্যাচে ফিরতে পারেনি তাঁরা। যদিও অধিনায়ক সুলতানা একপ্রান্ত থেকে উইকেট ধরে রেখেছিলেন। তিনিও অত্যন্ত ধীরগতির ইনিংস খেলে ৫১ বলে ৩২ রান করে ফিরে যান। রেণুকার ৪ ওভারে ১টি মেডেন। মাত্র ১০ রান দিয়ে ৩ উইকেট। পেসের বিরুদ্ধেই বাংলাদেশ ব্যাটাররা শুধু খাবি খেয়েছে তা নয়। স্পিনের বিরুদ্ধেও একই পরিস্থিতি। বাঁ হাতি স্পিনার রাধা যাদব ৪ ওভারে ১টি মেডেন, ১৪ রান দিয়ে তিনিও ৩ উইকেট নেন। ১টি করে উইকেট নিয়েছেন পূজা বস্ত্রকার ও দীপ্তি শর্মা। ২০ ওভারে ৮ উইকেটে মাত্র ৮০ রান করে বাংলাদেশ।

রান তাড়া করতে নেমে শুরু থেকেই মারমুখী ভঙ্গিমা ধারণ করেন স্মৃতি মান্ধনা। ১১ ওভারেই ম্যাচ জিতে যায় ভারত। একটিও উইকেট ফেলতে পারেনি বাংলাদেশ। হাফসেঞ্চুরি করেন স্মৃতি মান্ধানা। মাত্র ৩৯ বলে ৫৫ রানে অপরাজিত থাকেন স্মৃতি। ৯টি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারি মেরেছেন। আর এক ওপেনার শেফালি ২৮ বলে ২৬ রানে অপরাজিত থাকেন।

এদিন ভারতীয়দের মধ্যে মেয়েদের আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্রিকেটে সর্বাধিক রান স্কোরার হলেন ভাইস ক্যাপ্টেন স্মৃতি মান্ধানা। ছাপিয়ে গেলেন ক্যাপ্টেন হরমনপ্রীত কৌরকে। দেশের হয়ে টি-টোয়েন্টিতে ৩৪১৫ রান করেছেন হরমনপ্রীত কৌর। ওপেনার তথা ভাইস ক্যাপ্টেন স্মৃতির রান ৩৪৩৩। ফাইনালে শ্রীলঙ্কা এবং পাকিস্তান ম্যাচের বিজয়ীদের মুখোমুখি হবে ভারত। এখন ফাইনাল এবং অষ্টম ট্রফির অপেক্ষা ভারতীয় শিবিরে।

# কার্গিল বিজয় দিবসে দ্রাস থেকে পাকিস্তানকে হুঁশিয়ারি মোদির




**কার্গিল, ২৬ জুলাই:** কার্গিল বিজয় দিবসের ২৫ বছর পূর্তির দিনই পাকিস্তানকে সরাসরি হুঁশিয়ারি দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। দ্রাসে দাঁড়িয়ে তাঁর বার্তা, সন্ত্রাসের পৃষ্ঠপোষকদের জানিয়ে দিতে চাই, ওদের জঘন্য ষড়যন্ত্র কোনওদিন সফল হবে না। সন্ত্রাসবাদীদের গুঁড়িয়ে দেবে আমাদের সেনা। যোগ্য জবাব দেবে শত্রুদের। উল্লেখ্য, কার্গিলে শহিদ জওয়ানদের শ্রদ্ধা জানাতে দ্রাসে ওয়্যার মেমোরিয়ালে যান প্রধানমন্ত্রী।

বিজয় দিবসের ২৫ বছর পূর্তিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গিয়েছেন কার্গিলের দ্রাসে। সেখানে সেনা জওয়ানদের সাক্ষী রেখেই প্রধানমন্ত্রী মোদি বলেন, 'আজ থেকে ২৫ বছর আগে ভারত কেবল যুদ্ধে জেতেনি। পাশাপাশি সত্য, প্রতিরোধ এবং শক্তির অসাধারণ উদাহরণ রেখেছিল। লাদাখের এই পবিত্র ভূমি আজ কার্গিল বিজয়ের ২৫ বছর উদযাপন করছে। দেশের জন্য যাঁরা আত্মবলিদান দিয়েছেন, আজকের দিনটা আমাদের মনে করিয়ে দেয় যে তাঁরা দেশের ইতিহাসে অমর।' নিজের বক্তৃতাতেই সরাসরি পাকিস্তানকে আক্রমণ করে মোদি বলেন, নাশকতা ছড়িয়ে এখনও ছায়াযুদ্ধ চালিয়ে যাচ্ছে তারা। ইতিহাস থেকে শিক্ষা নেয়নি পাকিস্তান। প্রতিবেশী দেশকে হুঁশিয়ারি দিয়ে মোদির কড়া বার্তা, 'আজ আমি এমন একটা জায়গা থেকে কথা বলছি, যেখান থেকে সন্ত্রাসের প্রভুরা সরাসরি আমার কথা শুনতে পাবে। নাশকতার পৃষ্ঠপোষকদের স্পষ্ট জানিয়ে দিতে চাই, তোমাদের ষড়যন্ত্র কোনওদিন সফল হবে না। উলটে আমাদের সেনা সমস্ত জঙ্গিদের গুঁড়িয়ে দিয়ে শত্রুর মুখে যোগ্য জবাব দেবে।'

উল্লেখ্য, গত দেড় মাসের মধ্যে একাধিকবার কাশ্মীরে সেনাকে লক্ষ্য করে হামলা চালিয়েছে জঙ্গিরা। তাতে শহিদ হয়েছেন ভারতীয় জওয়ানরা। সূত্রের খবর, সীমান্তে অনুপ্রবেশ করে পাকিস্তান থেকে ভারতে ঢুকে ওই জঙ্গিরা হামলা চালাচ্ছে। এমনকি পাক সেনার অবসরপ্রাপ্ত কর্মীরাম জঙ্গিদের প্রশিক্ষণ দিচ্ছে বলেও খবর। কাশ্মীরে সেনার নিরাপত্তা নিয়ে কেন্দ্রের 'উদাসীনতা' নিয়ে তোপ দেগেছে বিরোধীরাও। এহেন পরিস্থিতিতেই কার্গিলে দাঁড়িয়ে পাকিস্তানকে সরাসরি তোপ দাগলেন মোদি।

## কানোয়ার যাত্রায় সুপ্রিম নির্দেশ

**নয়াদিল্লি, ২৬ জুলাই:** কানোয়ার যাত্রাপথে পড়া খাবারের দোকান, রেস্তরাঁ, ধাবায় মালিকদের নাম লিখতে বাধ্য করা যাবে না। শুক্রবার এই সংক্রান্ত মামলায় স্পষ্টভাবে জানিয়ে দিল দেশের শীর্ষ আদালত। একইসঙ্গে যোগী সরকারের নির্দেশিকার উপর যে অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ দেওয়া হয়েছিল তা বহাল রাখা হয়েছে। আগামী ৫ অগাস্ট এই মামলার পরবর্তী শুনানি। ততদিন পর্যন্ত জারি থাকবে এই অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ। কানোয়ার যাত্রা নিয়ে গত কয়েকদিন ধরেই দেশজুড়ে বিতর্ক চলছে। চলতি মাসে শুরু হতে চলেছে কানোয়ার যাত্রা। তার আগে উত্তরপ্রদেশ সরকার নির্দেশ দিয়েছে, কানোয়ার যাত্রার প্রতিটি রুটে যত খাবারের দোকান রয়েছে, তার সবকটিতেই বড় বড় ব্যানার দিয়ে লিখতে হবে দোকান মালিকের নাম। যার মূল উদ্দেশ্য, পুণ্যার্থীরা যাতে আলাদাভাবে চিনতে পারেন হিন্দু ও মুসলিম দোকানগুলিকে। কেবল উত্তরপ্রদেশ নয়, একই নির্দেশিকা জারি করা হয়েছে মধ্যপ্রদেশ এবং উত্তরাখণ্ডেও। এই নির্দেশের মূল উদ্দেশ্য ধর্মীয় বিভাজন আরও স্পষ্ট করে তোলা, তেমনটাই অভিযোগ বিরোধীদের।

## ১৩০০ পয়েন্ট বাড়ল সেনসেক্স

**নয়াদিল্লি, ২৬ জুলাই: গত ৫ দিন ধরে দফায় দফায় নিম্নমুখী হওয়ার পর অবশেষে ঘুরে দাঁড়াল শেয়ার বাজার। শুক্রবার বিনিয়োগকারীদের মুখে হাসি ফুটিয়ে ১৩০০ পয়েন্ট বাড়ল সেনসেক্স। একইভাবে ৪০০ পয়েন্টের বেশি বেড়েছে নিফটিও। ফলে বাজেটের দুঃস্বপ্ন কাটিয়ে আশার আলো দেখছে দালাল স্ট্রিট। গত কয়েকদিন রক্তক্ষরণের পর সপ্তাহের শেষ ব্যবসায়িক দিনে রকেটের গতিতে বেড়েছে একাধিক স্টক। অতীতের ধাক্কা সামলে সবুজ সংকেত দিয়েই শুক্রবার খোলে দেশের শেয়ার বাজার। কিছুক্ষণের মধ্যেই ২৪৪ পয়েন্ট বাড়ে নিফটি। পাল্লা দিয়ে ৬৭২ পয়েন্ট বাড়ে সেনসেক্স। দেখা যায় বিএসই সেনসেক্সের ৩০টি স্টকের মধ্যে ২৫টি স্টকই উপরে উঠেছে। দাম পড়েছে মাত্র ৫টি স্টকের।**

# নিম্নচাপ বলয়ের প্রভাবে দক্ষিণবঙ্গে ঝড় বৃষ্টির পূর্বাভাস

**নিজস্ব প্রতিবেদন:** বঙ্গোপসাগরের উপর তৈরি হয়েছে একটি নিম্নচাপ বলয়। সেই সঙ্গে রয়েছে ঘূর্ণাবর্ত। এই দুইয়ের প্রভাবে আগামী বৃহস্পতিবার পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলায় রয়েছে বৃষ্টির পূর্বাভাস। তবে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি হবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

### ঘূর্ণিঝড় মোকাবিলায় ২৪টি বহুমুখী আশ্রয় কেন্দ্র

**নিজস্ব প্রতিবেদন:** ঘূর্ণিঝড়, বন্যার মতো বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় রাজ্যে নতুন ২৪টি বহুমুখী আশ্রয় কেন্দ্র গড়ে তোলা হচ্ছে। এর মধ্যে পাঁচটির নির্মাণ কাজ ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে বলে রাজ্যের বিপর্যয় মোকাবিলা মন্ত্রী জাভেদ আহমেদ খান জানিয়েছেন। বিধানসভায় এদিন তৃণমূল কংগ্রেস সদস্য সুকান্ত কুমার পালের এক প্রশ্নের উত্তরে মন্ত্রী জানান, রাজ্যের বর্তমানে ৪৩০ টি ফ্লাড সেন্টার রয়েছে। আধুনিক বহুমুখী সাইক্লোন সেন্টারের সংখ্যা ২২১টি। রাজ্যের তিন ঘূর্ণিঝড় প্রবণ উপকূলীয় জেলায় ওই কেন্দ্রগুলি গড়ে তোলা হয়েছে।

বিপর্যয় মোকাবিলা দপ্তর সূত্রে জানা গিয়েছে, ২২১ টি নতুন বহুমুখী সাইক্লোন সেন্টারের মধ্যে উত্তর ২৪ পরগনা ৬৩ টি দক্ষিণ চব্বিশ পরগণায় ১১৫ টি এবং পূর্ব মেদিনীপুরের ৪৩ টি গড়ে তোলা হয়েছে নতুন যে ২৪ টি সাইক্লোন সেন্টার তৈরি করা হবে তার মধ্যে চারটি উত্তর ২৪ পরগনায় ১৫টি দক্ষিণ ২৪ পরগণায় এবং পাঁচটি পূর্ব মেদিনীপুরে গড়ে উঠবে। যার জন্য আনুমানিক খরচের পরিমাণ সাড়ে চার কোটি টাকা।



শুক্রবার পূর্ব এবং পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া, পুরুলিয়া, দক্ষিণ ২৪ পরগনায় ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। এই জেলাগুলিতে হলুদ সতর্কতা জারি করেছে হাওয়া অফিস। বাকি জেলাগুলিতেও বৃষ্টির সম্ভাবনা রয়েছে। হাওয়া অফিস জানিয়েছে, আগামী বৃহস্পতিবার পর্যন্ত দক্ষিণের সব জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সঙ্গে ঝড় হতে পারে।

আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, উত্তর বঙ্গোপসাগর এবং সংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ উপকূলের উপর তৈরি হয়েছে একটি নিম্নচাপ বলয়। এর সঙ্গেই গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং ঝাড়খণ্ডের উপর একটি ঘূর্ণাবর্ত রয়েছে। সমুদ্রপৃষ্ঠ থেকে ৭.৬ কিলোমিটার উপরে রয়েছে সেটি। রাজস্থানের শ্রীগঙ্গানগর, রোহতক, দিল্লি, আগরা, ডালটনগঞ্জ, আসানসোলের উপর রয়েছে মৌসুমী অক্ষরেখা। এগুলির প্রভাবে দক্ষিণবঙ্গের সব জেলায় রয়েছে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সমুদ্রের উপরেও বইতে পারে ঝড়। সেই ঝড়ের হাওয়ার গতি ঘণ্টায় ৬০ কিলোমিটার পর্যন্ত হতে পারে। সে কারণে আগামী ২৪ ঘণ্টা মৎস্যজীবীদের সমুদ্রে যেতে বারণ করা হয়েছে।

# পুণেতে আরও ভারী বৃষ্টির পূর্বাভাস সতর্কতা জারি মুম্বই-সহ ৫ জেলায়



**মুম্বই, ২৬ জুলাই:** মুম্বই এবং পুণে-সহ পাঁচ জেলায় চূড়ান্ত সতর্কতা জারি করল মৌসম ভবন। এই তালিকায় ওই দুই জেলা ছাড়াও রয়েছে পালঘর, থানে এবং রায়গড়। শুক্রবার মৌসম ভবন এই জেলাগুলিতে সতর্কতা জারি করার পাশাপাশি খুব প্রয়োজন ছাড়া জনসাধারণকে বাইরে না বেরোনোর পরামর্শ দিয়েছে।

মুম্বইয়ের আবহাওয়া দপ্তর জানিয়েছে, মুম্বই এবং তার আশপাশের অঞ্চলে শুক্রবার ভারী থেকে অতি ভারী বৃষ্টি হবে। সঙ্গে ৬০-৭০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়াও বইবে। আগামী কয়েক দিন রাজ্যের বেশ কয়েকটি জেলায় ভারী বৃষ্টির দাপট বজায় থাকবে বলেও জানিয়েছে মৌসম ভবন। এ ছাড়াও মধ্য মহারাষ্ট্র, মঠারাওয়াড়া এবং বিদর্ভ অঞ্চলের জেলাগুলিতে ঝোড়ো হাওয়ার সঙ্গে ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

গত কয়েক দিনের বৃষ্টিতে পুণের বহু এলাকা জলমগ্ন। গত দু'দিনে বৃষ্টির জেরে এই শহরে মৃত্যু হয়েছে ৬ জনের। পরিস্থিতি খারাপ হওয়ায় বৃহস্পতিবারই সেনা নেমেছে উদ্ধারকাজে। এ ছাড়াও উদ্ধারকাজ চালাচ্ছে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী (এনডিআরএফ), রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনী (এসডিআরএফ), পুলিশ এবং দমকল। শহরের বেশির ভাগ এলাকায় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন। স্থানীয় প্রশাসন সূত্রে খবর, যে সব এলাকাগুলি জলমগ্ন, সেই এলাকাগুলিতে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে যাতে কোনও রকম দুর্ঘটনা না ঘটে। দুর্যোগের জেরে শুক্রবারও স্কুল, কলেজে ছুটি ঘোষণা করা হয়েছিল।

তবে মুম্বইয়ে শুক্রবার স্কুল, কলেজ খোলা থাকবে বলে জানিয়েছে স্থানীয় প্রশাসন। যান চলাচল ব্যাহত হলেও বিমান পরিষেবা সকাল থেকে খুব একটা ব্যাহত হয়নি বলে মুম্বই বিমানবন্দর সূত্রে খবর।

একদিন

আমার শহর

কলকাতা ২৭ জুলাই ২০২৪ ১১ শ্রাবণ ১৪৩১ শনিবার

# নিয়োগ দুর্নীতির চার্জশিটে বিস্ফোরক তথ্য সামনে আনল সিবিআই

**নিজস্ব প্রতিবেদন:** গত কয়েকমাসে কলকাতা ও দক্ষিণবঙ্গের একাধিক জেলার পুরপ্রধান বা কাউন্সিলরদের দফায় দফায় জিজ্ঞাসাবাদ করেছে কেন্দ্রীয় সংস্থা। এবার প্রকাশ্যে এল সেই মামলার চার্জশিট। ৩২ পাতার চার্জশিটে উল্লেখ করা হয়েছে, কোন পুরসভায় কত বেআইনি নিয়োগের তথ্য এসেছে তাদের হাতে। শুধু তাই নয়, কীভাবে বেআইনি নিয়োগ হল, সেই তথ্যও সামনে এনেছে তারা। অভিযুক্ত অয়ন শীলের সংস্থার হাতেই ছিল নিয়োগের দায়িত্ব। সিবিআই-এর অভিযোগ, নিয়ম খাতায় কলমে মানা হলেও সে সব নিয়মের ধারে কাছ দিয়েও কেউ হাঁটেনি। ১৮৫০ জনের নিয়োগ হয়েছে বিভিন্ন পদে। রয়েছে গ্রুপ সি, গ্রুপ ডি পদের কর্মী নিয়োগও। বিপুল অঙ্কের দুর্নীতি হয়ে থাকতে পারে বলে উল্লেখ করা হয়েছে। নিয়োগ দুর্নীতির ব্যাপারে ১৩টি পুরসভার তালিকা প্রকাশ করা হয়েছে।

সিবিআই-এর দেওয়া তথ্য বলছে, দক্ষিণ দমদম পুরসভায় সবথেকে বেশি বেআইনি নিয়োগ হয়েছে। আর সেই নিয়োগে নাম জড়িয়েছে ওই পুরসভা তৎকালীন পাঁচু গোপাল রায়ের। আরও বলা হয়েছে যে, ২০১৪ সাল থেকে ওই পুরসভাগুলিতে মোট ৩৬৫০ জনের চাকরি হয়েছিল, যার মধ্যে ১৮১৪ জনের চাকরির আইন মেনে হয়নি।

সিবিআইয়ের তরফ থেকে জানানো হয়েছে তাদের নজরে রয়েছে কোন পুরসভায় কতগুলি নিয়োগ হয়েছে তাও। যেমন, টাকি পুরসভা- ১৫, বাদুড়িয়া পুরসভা- ৩৯, কামারহাটি পুরসভা- ৪৯, দমদম পুরসভা- ৬১, দক্ষিণ দমদম- ৩২৯, হালিশহর পুরসভা- ৩৯, কাঁচড়াপাড়া পুরসভা- ৩০৩, নিউ ব্যারাকপুর পুরসভা- ৭৪, টীটাগড় পুরসভা- ২২১, রানাঘাট পুরসভা- ১০১, নবদ্বীপ পুরসভা- ১, বীরনগর পুরসভা- ২৬, কৃষ্ণনগর পুরসভা- ২০০, ডায়মন্ড হারবার পুরসভা- ১৮, উত্তর দমদম পুরসভা- ৬৪, বরানগর পুরসভা- ২৭৬, উলুবেড়িয়া পুরসভা- ১৮। এইসব নিয়োগ সন্দেহজনক বলে উল্লেখ করেছে সিবিআই। অভিযোগ, এই নিয়োগ উপযুক্ত পদ্ধতি মেনে হয়নি।




এই প্রসঙ্গে বলে রাখা শ্রেয়, দক্ষিণ দমদম পুরসভায় সবথেকে বেশি বেআইনি নিয়োগের অভিযোগ উঠেছে। তবে প্রাক্তন চেয়ারম্যান পাঁচুগোপাল রায় এই প্রসঙ্গে জানাচ্ছেন, সরকারের অনুমোদনেই সবটা হয়েছে। তিনি বলেন, 'সরকারি বিভাগ অনুমোদন দিয়েছে। সেই অনুযায়ী নিয়োগ হয়। আলাদা বোর্ড ছিল। তারা নিয়োগ করেছে। এটা বিচারাধীন বিষয়, তাই নিয়োগ বেআইনি কি না, তা বলতে পারবে আদালত।'

অন্যদিকে, কামারহাটি পুরসভার নিয়োগে কোনও দুর্নীতি হয়নি বলে দাবি করেন পুর প্রধান গোপাল সাহার। তিনি বলেন, 'যদি কেউ জবাবদিহি চায়, তার জন্য প্রস্তুত আছি।'

অন্যদিকে পুরনিয়োগ দুর্নীতি মামলার চার্জশিট পেশ হতেই, কড়া প্রতিক্রিয়া দিতে দেখা গেল রাজ্যের পুরো ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিমকে। কিছুটা বিরক্ত হয়েই এই ইস্যুতে প্রতিক্রিয়া দিতে গিয়ে ফিরহাদ বলেন, 'ছাড়ুন তো ওই সব পুরসভার নিয়োগ কেলেঙ্কারি।' এরই রেশ ধরে এদিন রাজ্যের মন্ত্রী বেনজির আক্রমণ করেন সিবিআইকে। সামনে আনেন তাঁর গ্রেফতারির প্রসঙ্গও। পাশাপাশি আক্রমণ শানান বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে। সিবিআইকে প্রায় চ্যালেঞ্জের সুরে জানান, 'আগে শুভেন্দু অধিকারীকে ছুঁয়ে দেখাক সিবিআই। যে কারণে আমায় জেলে ঢুকিয়েছিল, বাপের বেটা হলে শুভেন্দুকেও ছুঁয়ে দেখাক।' বস্তুত, ২০২১ সালে নারদ-কাণ্ডে এই সিবিআই-এর হাতেই গ্রেফতার হন ববি। চেতলায় তাঁর বাড়ি থেকে সেই সময় গ্রেফতার করেছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। এ দিন, সেই ঘটনা সামনে এনে তাঁকে গ্রেফতারির প্রসঙ্গই আরও একবার উস্কে দেন ফিরহাদ।

# ফিরহাদের মন্তব্য ঘিরে উত্তাল বিধানসভা

**নিজস্ব প্রতিবেদন:** ধর্ম নিয়ে ফিরহাদ হাকিমের মন্তব্যের প্রেক্ষিতে শুক্রবার উত্তপ্ত পরিস্থিতি তৈরি হল পশ্চিমবঙ্গ বিধানসভার ভিতর ও বাইরে। ফিরহাদের মন্তব্য নিয়ে মুলতুবি প্রস্তাব জমা দেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। কিন্তু সেই প্রস্তাব এবং তা নিয়ে আলোচনার দাবি খারিজ করে দেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। এরপর গীতা হাতে বিধানসভার ওয়েলে নেমে বিক্ষোভ দেখান বিজেপি বিধায়করা। পরে বিধানসভার বাইরে এসেও এই নিয়ে সরব হন তাঁরা। এই ঘটনার পর শুভেন্দু অধিকারী রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিমকে বরখাস্ত করার দাবি তুলেছেন।



উল্লেখ্য, একটি ধর্মীয় অনুষ্ঠানে যোগ দিয়ে ফিরহাদ হাকিম যে মন্তব্য করেছিলেন। সেই ঘটনার উল্লেখ করে শুক্রবার রাজ্য বিধানসভায় মুলতবি প্রস্তাব জমা করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় মুলতবি প্রস্তাব ও আলোচনার দাবি খারিজ করে দিলে, অধ্যক্ষের সিদ্ধান্তের বিরোধিতা করে সরব হয় প্রধান বিরোধীদল বিজেপি। গীতা হাতে বিজেপি বিধানসভার ওয়েলে নেমে বিক্ষোভ দেখাতে শুরু করেও বিধানসভার অধিবেশন চালিয়ে যান অধ্যক্ষ।

এই অবস্থায় বিধানসভার ভবন থেকে বেরিয়ে রাস্তায় নেমে মানববন্ধন করেন বিজেপি বিধায়করা। পরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, 'একটি ধর্মীয় অনুষ্ঠানে সৌজন্যে তিনি মন্ত্রী হিসেবে গিয়েছিলেন। সেখানেই তিনি এই বিতর্কিত কথা বলেছেন। আমরা অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের কাছে দাবি জানিয়েছি, ফিরহাদ হাকিমকে ক্ষমা চাইতে হবে। অধ্যক্ষ বললেন, বিষয়টি পড়তেও দেবেন না। সরকার ও বিধানসভার সঙ্গে এটি সম্পর্ক যুক্ত নয়।' বিরোধী দলনেতা আরও বলেন, 'অল ইন্ডিয়া কোরআন প্রতিযোগিতায় ফিরহাদ হাকিম গিয়েছিলেন মন্ত্রী ও মেয়র হিসাবে। তিনি সংবিধানকে সামনে রেখে শপথ নিয়েছেন। তাঁর কোনও অধিকার নেই হিন্দু, শিখ, জৈন, পারসিকদের অপমান করার। এই অবস্থায় আমাদের দাবি ফিরহাদ হাকিমকে বরখাস্ত করতে হবে। তা না হওয়া পর্যন্ত আমরা বাংলাজুড়ে আন্দোলন করব। আজ গীতা মাথায় নিয়ে মানববন্ধন করলাম। আগামিদিনে রাজপথে দেখা হবে।' এদিকে ফিরহাদ হাকিম বিরোধীদের পাল্টা কটাক্ষ করে বলেন, 'আমি বাড়ির পাশে মসজিদে প্রার্থনা করি আবার দুর্গাপুজোও করি। যারা এসব করছেন তাঁদের কার্ড দিয়ে আমার পুজোয় আমন্ত্রণ জানাব।'

# প্রলোভন, কোটি টাকা হাতিয়ে বেপাত্তা দম্পতি

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** চড়া সুদ দেওয়ার প্রলোভন দেখিয়ে গ্রামের মহিলাদের থেকে মোটা অঙ্কের টাকা হাতিয়ে চম্পট দম্পতি। প্রতারণার এই ঘটনাকে ঘিরে শুক্রবার তীব্র উত্তেজনা ছড়াল নিউ ব্যারাকপুর থানার বিলকান্দা দু'নম্বর গ্রাম পঞ্চায়েতের তালবান্দার কামালগাতি গ্রামে। অভিযোগ, তিন কোটিরও বেশি টাকা হাতিয়ে বেপাত্তা ওই গ্রামেরই বাসিন্দা আরতি রায় এবং তাঁর স্বামী বিনয় রায়। অভিযোগ, চড়া সুদ দেওয়ার প্রলোভন দেখিয়ে গ্রামের শতাধিক মহিলার কাছ থেকে মোটা অঙ্কের টাকা হাতিয়ে নেয় আরতি রায়। কেউ ব্যাঙ্কে গচ্ছিত থাকা টাকা তুলে, কেউ বেসরকারি ঋণদানকারী সংস্থা থেকে লোন নিয়ে, আবার কেউ সোনার গয়না বন্ধক রেখে টাকা তুলে আরতি রায়কে দিয়েছিলেন বিশ্বাস করে। এদিন সকালে প্রতারিতরা ঐক্যবদ্ধ হয়ে প্রতারকদের শাস্তির দাবিতে সোচ্চার হন। এমনকি ক্ষোভে মহিলারা রায় বাড়িতে ব্যাপক ভাঙচুর চালায় বলে অভিযোগ। যদিও বৃহস্পতিবার রাতে বাড়িতে তালা ঝুলিয়ে বেপাত্তা আরতি রায় এবং তার পরিবার। এদিন নিউ ব্যারাকপুর থানায় অভিযোগ দায়ের করেন প্রতারিতরা। পুলিশ অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করেছে। সেইসঙ্গে পুলিশ প্রতারক রায় দম্পতির খোঁজ চালাচ্ছে।



প্রতারিত গৃহবধূ শান্তি বিশ্বাস জানান, 'সাত-আট মাস আগে পাড়ার কাকিমা আরতি রায়কে এক লক্ষ টাকা দিয়েছিলাম। শ্বাশুড়ির কাছ থেকেও এক লক্ষ টাকা নিয়ে আরতি রায়কে দিয়েছিলাম। প্রথম দু'মাস ৮ হাজার করে উনি দিয়েছিলেন। পরবর্তীতে চারটি বেসরকারি ঋণদানকারী সংস্থা থেকে লোন নিয়ে ওনাকে টাকা দিয়েছি। সবমিলিয়ে সাড়ে চার লক্ষ টাকা ওনাকে দিয়েছি। দিনের পর দিন টাকা মিটিয়ে দেওয়ার আশ্বাস দিয়ে অবশেষে পরিবার নিয়ে অন্যত্র চম্পট দিয়েছেন।' চোখে জল নিয়ে শান্তি দেবী বলেন, 'গয়না বন্ধক রেখে টাকা তুলে এখন লোনের টাকা মেটাচ্ছি। এখন তাঁর পক্ষে লোন পরিশোধ করা খুব মুশকিল হয়ে পড়ছে।' আরেক প্রতারিত মহিলা উষা রানী রায় জানান, 'নগদ সাড়ে তিন লক্ষ টাকা এবং সোনার গয়না বন্ধক রেখে আরও দেড় লক্ষ টাকা আরতি রায়কে দিয়েছিলাম। কিন্তু এক টাকাও ফেরৎ পাইনি। বারবার বলেছিল একটু অপেক্ষা করতে উনি টাকা ফেরৎ দিয়ে দেবেন। এখন বাড়িতে তালা ঝুলিয়ে ওরা পালিয়ে গেছে।' স্থানীয় পঞ্চায়েত সদস্য সুমন্ত ওঝা জানান, 'গ্রামের মহিলাদের বিভিন্নভাবে প্রলোভন দেখিয়ে তিন-চার কোটি টাকা আত্মসাৎ করে পরিবার নিয়ে চম্পট দিয়েছেন আরতি রায় ও তার পরিবার। নিরুপায় হয়ে প্রতারিতরা প্রশাসনের দ্বারস্থ হয়েছেন। খুবই গুরুতর অভিযোগ।'

# তিস্তা জলচুক্তি পুনর্নবীকরণ চায় রাজ্য

**নিজস্ব প্রতিবেদন:** তিস্তা জলচুক্তি পুনর্নবীকরণ নিয়ে রাজ্যের সঙ্গে আলোচনার দাবি জানিয়ে বিধানসভায় শুক্রবার এক প্রস্তাব আনা হয়। প্রস্তাব আলোচনার জন্য সভায় উত্থাপন করেন পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়। উত্তরবঙ্গ, বিশেষ করে ডুয়ার্স বাঁচাতে ইন্দো-ভুটান যৌথ নদী কমিশন তৈরি করার জন্য কেন্দ্রের কাছে আবেদন জানান। তিনি বলেন, 'রায়ডাক, সঙ্কোশ, কালচিনি প্রভৃতি একাধিক নদী ভুটান থেকে আসে। এই সব নদীর জল বেড়ে হরপা বানে উত্তরবঙ্গ বারবার বিধ্বস্থ হচ্ছে। চা বাগান, কৃষি জমি, বনাঞ্চলেরও পাশাপাশি সাধারণ জনজীবন ব্যাহত হচ্ছে।' আলোচনায় অংশ নিয়ে রাজ্যের জলসম্পদ মন্ত্রী মানস ভুঁইয়া বলেন, 'উত্তরবঙ্গের এই সমস্যা নিয়ে পূর্বতন ইউপিএ সরকার বা বর্তমান এনডিএ সরকার উদাসীন। চলতি বছরের বাজেটে অন্যান্য একাধিক রাজ্যকে অর্থ সাহায্য করা হল, কিন্তু এ রাজ্যের গঙ্গা-পদ্মা ভাঙ্গন রুখতে এক পয়সা দেওয়া হয়নি।'



অন্যদিকে, বিরোধী বিজেপি বিধানসভায় আনা এই প্রস্তাবকেই অসংবিধানিক বলে আখ্যা দিয়েছে। বিরোধী পক্ষের মুখ্য সচেতক শংকর ঘোষ বলেন, তিস্তা চুক্তি বা ফারাক্কার জল বণ্টন প্রশ্নে দুটি প্রতিবেশী দেশ ভুটান এবং বাংলাদেশ যুক্ত রয়েছে। প্রতিবেশী রাজ্য সিকিমেরও ভূমিকা রয়েছে। এই ধরনের আন্তর্জাতিক বিষয় নিয়ে বিধানসভার আলোচনার একতিয়ার আছে কিনা তা নিয়ে তিনি প্রশ্ন তোলেন। একই সুরে আরেক প্রবীণ বিজেপি বিধায়ক অশোক লাহিড়ী এই প্রস্তাব প্রত্যাহারের দাবি জানিয়েছেন। তিনি বলেন, এ ধরনের সংবিধান বিরোধী প্রস্তাব আলোচনা করায় রাজ্য বিধানসভার মর্যাদা ক্ষুন্ন হচ্ছে। আগামী সোমবার পুনরায় এই প্রস্তাবের ওপর আলোচনা হবে।

# চা বাগান মালিকদের জন্য কঠোর আইন নেই: মলয় ঘটক

**নিজস্ব প্রতিবেদন:** কোনও কঠোর আইন নেই চা বাগান মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার। চা শ্রমিকদের বরাবরের অভিযোগ, এই কারণে সুযোগ নিয়ে যখন তখন বাগান বন্ধ করে পালিয়ে যাচ্ছেন বাগান মালিকরা। সরকারের তরফে তাদের নোটিশ দিয়েও সন্ধান মিলছে না। এক ধাক্কায় বেকার হয়ে পড়ছে বহু চা শ্রমিক। শুধুমাত্র আইনি বাধ্যবাধকতার কারণে তাদের বিরুদ্ধে ব্যবস্থাও নেওয়া যাচ্ছে না বলে শুক্রবার বিধানসভায় স্পষ্ট করলেন শ্রম মন্ত্রী মলয় ঘটক।



বিজেপি সদস্য বিশাল লামার এক অতিরিক্ত প্রশ্নের উত্তরে শ্রম মন্ত্রী জানান, চা বাগান সংক্রান্ত কোনও আইন প্রণয়নের এক্তিয়ার রাজ্য সরকারের নেই। চা বাগানের সমস্ত আইন কেন্দ্রীয় আইন। চা পর্ষদের বিঘিতেও চা বাগানের মালিক পালিয়ে গেলেও, ব্যবস্থা নেওয়ার কোনও বিধান নেই। আগে সাময়িক নিষ্পত্তি সংক্রান্ত একটি বিধান থাকলেও তা এখন তুলে দেওয়া হয়েছে। কিছু সংখ্যক চা বাগান মালিকরা এর সুযোগ নিচ্ছেন। শ্রম মন্ত্রী জানান, এই মুহূর্তে আইনি জটিলতার কারণে রাজ্যের দশটি চা বাগান বন্ধ রয়েছে।

# গিরিশ পার্ক সংলগ্ন বাড়িতে আগুন

**নিজস্ব প্রতিবেদন:** সাতসকালে গিরিশ পার্ক থানা সংলগ্ন ছাতুবাবুর বাজারের কাছে একটি বাড়িতে বিধ্বংসী আগুন লাগার ঘটনা ঘটল। মুহূর্তে কালো ধোঁয়ায় ঢেকে যায় এলাকা। পরিস্থিতি মোকাবিলা করতে ঘটনাস্থলে পৌঁছয় দমকলের ৫টি ইঞ্জিন। ঘটনায় অগ্নিদগ্ধ হয়েছেন দুই মহিলা। তাঁদের ভর্তি করা হয়েছে হাসপাতালে।

জানা গিয়েছে, শুক্রবার সকাল সাড়ে আটটা নাগাদ গিরিশ পার্ক থানা সংলগ্ন ছাতুবাবুর বাজারের কাছে রামদুলাল সরকার স্ট্রিটের একটি বাড়িতে আচমকা আগুন লেগে যায়। আগুনে ভস্মীভূত হয়ে যায় দোতলা বাড়ির উপরের চিলেকোটা ঘর। স্থানীয় বাসিন্দারাই প্রথমে আগুন নেভানোর কাজে হাত লাগায়। এরপর দমকলে খবর দেওয়া হয়। প্রায় আড়াই ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। দমকল আধিকারিকদের প্রাথমিক অনুমান, রান্না করার সময় গ্যাস লিক করেই এই অগ্নিকাণ্ড ঘটে। ঘরের মধ্যে থাকা সিলিন্ডারে বিস্ফোরণ ঘটায়, আগুন ক্রমশ ছড়িয়ে পড়ে। স্থানীয় বাসিন্দারা দ্রুত আগুন নিয়ন্ত্রণের কাজে হাত লাগায়। আশপাশের সবকটি বাড়ি থেকে সিলিন্ডার বের করে নিয়ে যাওয়া হয়। এমনকী, বিদ্যুৎ সংযোগ বন্ধ রাখা হয়।



স্থানীয়রা জানাচ্ছেন, প্রথমে একটি বাড়ি থেকে ধোঁয়া বের হতে দেখতে পান তাঁরা। এরপরই নজরে পড়ে লেলিহান শিখা। তড়িঘড়ি খবর দেওয়া হয় দমকলে। এদিকে ঘিঞ্জি এলাকা হওয়ায় দ্রুত গতিতে ছড়াতে থাকে আগুন। ঘটনাস্থলে পৌঁছে যুদ্ধকালীন তৎপরতায় আগুন আয়ত্তে আনার কাজ শুরু করেন দমকল আধিকারিকরা।

প্রাথমিকভাবে দমকল আধিকারিকদের ধারনা, গ্যাস সিলিন্ডার ফেটে এই ভয়ংকর কাণ্ড ঘটেছে। এদিকে এই অগ্নিকাণ্ডের খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছন এলাকার কাউন্সিলর তারক চট্টোপাধ্যায় এবং শ্যামপুকুরের বিধায়ক শশী পাঁজা। তারা গিয়ে পরিস্থিতি খতিয়ে দেখেন।

# সৌমিত্র খাঁ'র বিরুদ্ধে এফআইআর খারিজ কলকাতা হাইকোর্টের

**নিজস্ব প্রতিবেদন:** বিষ্ণুপুরের বিজেপি সাংসদের স্বস্তি। সৌমিত্র খাঁ-র বিরুদ্ধে এফআইআর খারিজ করল কলকাতা হাইকোর্ট। বিচারপতি শুভ্রা ঘোষ খারিজ করলেন এফআইআর। ২০২৩ সালে বাঁকুড়ার সোনামুখি থানা এলাকায় একটি অশান্তির ঘটনায় মামলা দায়ের হয় বিষ্ণুপুরের বিজেপি সাংসদের বিরুদ্ধে।

সৌমিত্রের বিরুদ্ধে হিংসা ছড়ানো, মারধর এবং শ্লীলতাহানির অভিযোগও ওঠে। সেই মামলাতেই তদন্ত করে এমপি, এমএলএ বিশেষ আদালতে চার্জশিট পেশ করে পুলিশ। এর পরেই সৌমিত্রকে তলব করেছিল নিম্ন আদালত। অভিযোগ, একাধিকবার তলব করা হলেও






হাজিরা দেননি তিনি। বারবার হাজিরা এড়িয়েছেন। আর তা নিয়েই বিজেপি সাংসদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে নিম্ন আদালত। ৯ জুলাই এবিষয়ে সৌমিত্রকে হাজিরার নির্দেশ দেওয়া হয়। হাজিরা এড়ালে তাঁকে গ্রেফতারের নির্দেশও দেয় এমপি-এমএলএ আদালত। এরপর সৌমিত্র সেই এফআইআর খারিজের আবেদন জানান হাইকোর্টে। সেই আবেদনের প্রেক্ষিতেই শুক্রবার সাংসদের বিরুদ্ধে অভিযোগ খারিজ করে দিল হাইকোর্ট।

# উত্তাল গঙ্গা বক্ষ, প্রাণহাতে নিয়ে কোনওমতে পাড়ে ফিরল যাত্রীবোঝাই লঞ্চ

**নিজস্ব প্রতিবেদন:** বৃহস্পতিবার গঙ্গার বুকে উথাল-পাথাল ঢেউয়ের মধ্যে কোনওমতে পাড়ে ফিরল যাত্রীবোঝাই লঞ্চ। ফেরার একটি ভিডিও ভাইরাল হওয়ার ছবি ঘিরে চাঞ্চল্য ছড়ায় নেট দুনিয়াতে।



ভিডিওতে দেখা যাচ্ছে, মাঝ গঙ্গায় জোয়ারে প্রবল ঢেউতে বেসামাল হয়ে যাচ্ছে যাত্রীবোঝাই লঞ্চটি। সূত্রের খবর, মঙ্গলবার দুপুরে দক্ষিণেশ্বর থেকে বেলুড় যাওয়ার সময় উত্তাল গঙ্গায় বেসামাল হয়ে পড়ে লঞ্চটি। ঘটনায় রীতিমতো আতঙ্কে হুড়োহুড়ি পড়ে যায় যাত্রীদের মধ্যে। এরইমধ্যে ঘটনার আকস্মিকতায় অসুস্থ হয়ে পড়েন বেশ কয়েকজন যাত্রী বলে খবর। কোনওমতে লঞ্চটি স্থানীয় লালগোলা ঘাটে নিয়ে যাওয়া হয়।

স্থানীয় সূত্রে খবর, গত মঙ্গলবার দুপুরে দক্ষিণেশ্বর থেকে বেলুড় মঠের লালগোলা ঘাটে আসার সময় একটি যাত্রিবাহী লঞ্চ গঙ্গার বুকে প্রবল জলোচ্ছ্বাসের মুখে পড়ে। সেই সময় গঙ্গাতে জোয়ার চলছিল। জোয়ারের সময় বিপরীতমুখী স্রোত থাকার জন্য উথাল-পাতাল ঢেউয়ের সামনে মোচার খোলার মতো দুলছিল লঞ্চটি। এমকি মাঝে মধ্যে ঢেউয়ের জেরে ডুবে যাওয়ার পরিস্থিতি তৈরি হয়েছিল। যাত্রী বোঝাই লঞ্চে আতঙ্কে হুড়োহুড়ি পড়ে যায়। চিন্তার জেরে কয়েকজন যাত্রী বমিও করে ফেলেন। ঈশ্বরের কাছে প্রার্থনা করতে থাকেন সকলে। এইভাবে প্রায় ১৫-২০ মিনিট চলার পর অবশেষে লঞ্চ এসে থামে বেলুড় মঠের পাশে লালগোলা ঘাটে। কোনওমতে নামার পর যাত্রীরা হাফ ছেড়ে বাঁচেন। কয়েকজন সামান্য অসুস্থ হয়ে পড়লেও বড় বিপদ থেকে অল্পের জন্য যাত্রীদের প্রাণ রক্ষা পায়।

ওই রুটে নিত্যযাত্রী সমর ঘোষ বলেন, 'লঞ্চে অনেক সময় লাইফ জ্যাকেট পর্যাপ্ত থাকে না। অফিস টাইমে যে পরিমাণ যাত্রী ওঠে সেই তুলনাতে লাইফ জ্যাকেট পর্যাপ্ত থাকে না। আরও ব্যবস্থা করা দরকার। তবে এরজন্য শুধু সরকারকে দোষ দিয়ে লাভ নেই। অনেক সময় থাকলেও অনেক যাত্রী তা পড়তে চান না। এক্ষেত্রে সকলের সচেতন হওয়া উচিত।' তিনি আরও জানান, বর্ষার সময় গঙ্গায় বড় ঢেউ ওঠে। আবহাওয়া দফতর থেকে সতর্কবার্তা থাকলে লঞ্চ না চালানোই ভাল।


অপরদিকে ফেরিঘাট কর্মী বিশ্বজিৎ সরকারের অবশ্য দাবি, 'দুর্ঘটনা কিছু ঘটেনি। পূর্ণিমা, অমাবস্যায় নিয়মিত বান আসে। এই সময় লঞ্চ নিয়ে মাঝখানে থাকাই নিরাপদ। যাত্রীদেরও এতে সুবিধা হয়। যারা মাস্টার, লঞ্চ চালায় তাঁরা নিরাপদ জায়গায় নিয়েই রেখেছিল। বানের সময় সতর্কতা রেখেই লঞ্চ তোলা থাকে। কিন্তু টাইম ছিল বলেই ছেড়ে দেওয়া হয় লঞ্চটি।' যদিও তার দাবি, 'চিন্তাভাবনা করা দরকার ছিল। কিন্তু হঠাৎ করে বান আসবে তা বুঝতে পারেনি। ২০ মিনিটের রাস্তা। ওই সময়ের মধ্যে এসে ঘাটে লঞ্চ ভিড়তে পারেনি বলেই সমস্যা হয়ে গিয়েছে।'

তবে যাত্রীরা প্রশ্ন তুলেছেন, প্রতিদিন জোয়ারের নির্দিষ্ট সময় বন্ধ থাকে লঞ্চ যাতায়াত। তাহলে কেন জোয়ারের সময় ওই লঞ্চ ছাড়া হল? পাশাপাশি সরকারি নির্দেশিকা মেনে লাইভ জ্যাকেট কেন পর্যাপ্ত পরিমাণে থাকবে না তাই নিয়েও প্রশ্ন তুলছেন তারা। সব মিলিয়ে মঙ্গলবারের ভাইরাল হওয়া এই ছবি জলপথ পরিবহন নিয়ে অসুরক্ষার প্রশ্ন উঠছে।

বেলুড় থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত ফেরি সার্ভিস চলে সারফেস ট্রান্সপোর্ট কর্পোরেশনের অধীনে। এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার অসিত দাস জানান, যে ধরনের লঞ্চ তারা এই রুটে চালান সেগুলো সবই নিরাপদ। মাঝেমধ্যে আসা বানে বিপদ হবার সম্ভাবনা নেই। কোটালের বান কিংবা বড় বান এলে জানা যায়। তখন যাত্রী পারাপার বন্ধ রাখা হয়। লঞ্চগুলো সরিয়ে নিয়ে যাওয়া হয় জেটি থেকে।

# আইসিডিএস প্রকল্পে কেন্দ্রীয় বারাদ্দ কমানোয় সরব শশী

**নিজস্ব প্রতিবেদন:** কেন্দ্রীয় সরকার আইসিডিএস প্রকল্পের বারাদ্দ কমানোয় ব্যহত হচ্ছে মিড ডে মিল প্রকল্প। প্রশ্নের মুখে পড়ছে প্রান্তিক পরিবারের মা ও শিশুদের পুষ্টি। শুক্রবার বিধানসভার মিড প্রশ্নোত্তর পর্বে এই নিয়ে কেন্দ্রীয় সরকারকে তীব্র আক্রমণ শানালেন নারী, শিশু ও সমাজকল্যাম মন্ত্রী শশী পাঁজা। তিনি বলেন, '২০১২-১৩ সালে কেন্দ্রীয় বাজেটে আইসিডিএস প্রকল্পের জন্য বরাদ্দ ছিল ওই মন্ত্রকের মোট বরাদ্দের ৪.৭৬ শতাংশ। এবারের বাজেটে তা হয়েছে মোট বরাদ্দের ২.২৮ শতাংশ। গোটা বিশ্বে এদেশেই সব থেক বেশি শিশুরা অনাহারে থাকে। শিশু মৃত্যুর হারের নিরিখে গোটা বিশ্বে দ্বিতীয় স্থানে রয়েছে ভারত। এই তো কেন্দ্রের শিশু কল্যাণের নমুনা।'



এদিকে বিধানসভায় এদিন লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্প নিয়েও তৃণমূল ও বিজেপি সদস্যদের মধ্যে তরজা চলে। এই সংক্রান্ত এক প্রশ্নের জবাব দিতে গিয়ে শশী পাঁজা পরিসংখ্যান তুলে ধরে সভায় জানান, এখনও পর্যন্ত রাজ্যের প্রায় ২ কোটি ১৬ লক্ষ জন মহিলা লক্ষ্মীর ভাণ্ডারের সুবিধা পেয়েছেন। তিনি জানান, আরও ৯ লক্ষ ৩৮ হাজার ৬০০ জন আবেদন জানিয়েছেন। এর মধ্যে ৯ লক্ষ ৫ হাজার ২৬৭ জনের আবেদন অনুমোদন করা হয়েছে। আবেদন বাতিলের কারণ ব্যাখ্যা করে শশী পাঁজা জানান, শুধুমাত্র ২৫ থেকে ৬০ বছর বয়সী নারীরাই লক্ষ্মীর ভাণ্ডারের জন্য বিবেচিত হবেন। একইসঙ্গে তিনি আরও জানান, জয়েন্ট অ্যাকাউন্ট থাকার কারণেও অনেকের আবেদন বাতিল করা হয়েছে। এক্ষেত্রে সিঙ্গেল বা একক অ্যাকাউন্ট থাকা বাধ্যতামূলক বলে জানিয়েছেন মন্ত্রী। তিনি জানান, বয়স ৬০ বছর পেরিয়ে যাওয়ায় লক্ষ্মীর ভাণ্ডারের ৩ লাখ ১৬ হাজার ৭২৭ জন সুবিধাভোগীকে বার্ধক্য ভাতার আওতায় আনা হয়েছে।

বিজেপি বিধায়ক অশোক দিন্দা প্রশ্ন তোলেন, ভিন রাজ্যে তৃণমূল কংগ্রেস বেশি টাকা দেওয়ার কথা বললেও, বাংলায় কেন তা হয় না। তিনি লক্ষ্মীর ভাণ্ডারের টাকার পরিমাণ বাড়িয়ে ৫ হাজার টাকা করার দাবি জানান। দিন্দার জবাবে শশী পাঁজা বলেন, 'তার মানে স্বীকার করছেন লক্ষ্মীর ভাণ্ডার ভাল? আর এই প্রকল্প বিজেপি শাসিত রাজ্য কপি করছে।' আলোচনার সূত্র ধরেই মন্ত্রী বলেন, লক্ষ্মীর ভাণ্ডার পুরোপুরি রাজ্যের প্রকল্প। রাজ্য সরকার নিজের আর্থিক সামর্থ অনুযায়ী টাকা দিয়ে থাকে। ভবিষ্যতে সামর্থ বাড়লে, টাকার পরিমাণও বাড়ানোর চেষ্টা হবে বলে জানান তিনি।

# ভারমুক্ত হোক জলঙ্গি

**ডা সতীনাথ ভট্টাচার্য**



গ্রীক নাট্যকার সফোক্লিসের লেখনী বেয়ে নেমে এসেছে বিখ্যাত নাটক 'আন্তিগোনে'। রাজশক্তির অন্যায় আদেশের বিরুদ্ধে মাথা তুলে দাঁড়ানো এক অরাজনৈতিক শক্তির নাম আন্তিগোনে। তার ভাই পলিনিসেস। স্বেচ্ছাচারী রাজা ক্রেয়ন যুদ্ধে নিহত পলিনিসেসের মৃতদেহের শেষকৃত্যের উপর নিষেধাজ্ঞা জারি করে। খোলা রাজপথে শিয়াল-শকুনের খাদ্য হয়ে পড়ে থাকে তার মৃতদেহ। মৃতদেহের প্রতি এই অসম্মান মেনে নিতে পারে না আন্তিগোনে। রাজাজ্ঞা অমান্য করে পলিনিসেসের মৃতদেহ সসম্মানে সমাধিস্থ করে আন্তিগোনে।

আন্তিগোনে রাজার আদেশ অগ্রাহ্য করে পলিনিসেসের মৃতদেহ সমাধি দেয়। আর বর্তমানে দেশের আইনকে বুড়ো আঙুল দেখিয়ে কিছু দুর্বৃত্ত জীবন্ত জলঙ্গি নদীকেই সমাধিস্থ করতে উঠেপড়ে লেগেছে। পার্থক্য একটাই — আন্তিগোনে অন্যায়ের বিরুদ্ধে ন্যায়ের পক্ষ নিয়ে মৃত পলিনিসেসকে সমাধি দেয় আর আজ ন্যায়ের বিরুদ্ধে গিয়ে অন্যায়ভাবে জীবন্ত জলঙ্গিকে সমাধিস্থ করা হচ্ছে। হতভাগিনী জলঙ্গির পোড়া কপালে বিধাতা পুরুষ বোধহয় ন্যায় কথাটি লিখতে ভুলে গিয়েছিলেন। জলঙ্গি নদীর সারা শরীর জুড়ে তাই আজ দাপিয়ে বেড়াচ্ছে শুধুই অন্যায়। এখন দেশ জুড়ে উন্নয়নের নিশান উড়ছে। উন্নয়নের হাওয়া লেগেছে নদীর গায়েও। উন্নয়নের নামে জলঙ্গির পেট ফুঁড়ে বেরিয়ে এসেছে একাধিক সেতু। সম্প্রতি জাতীয় সড়ক সম্প্রসারণের জন্য জলঙ্গিবক্ষে দ্বিজেন্দ্র সেতুর পাশে তৈরি হয়েছে একটি নতুন সেতু। কিন্তু নির্মাণকার্য শেষ হয়ে গেলেও নদীগর্ভ থেকে মাটি ও নির্মাণসামগ্রী তুলে ফেলা হয় নি। ঠিকাদার সংস্থা কাজের শেষে পাওনা-গণ্ডা বুঝে নিয়ে পাত্তাড়ি গুটিয়ে চলে গেছে। জাতীয় সড়ক কর্তৃপক্ষ সেতু নির্মাণেই সন্তুষ্ট, নদী বাঁচলো না মরলো, তা নিয়ে ভাবিত নয়। এদিকে মাটি ও নির্মাণসামগ্রীতে চাপা পড়ে দমবন্ধ অবস্থায় ছটফট করছে মুমূর্ষু নদী। গতিপথ অবরুদ্ধ। নৌকা চলাচল করতে পারছে না। এবছর দশহরাতে কৃষ্ণনগর থেকে একটা নৌকাও জলঙ্গির জলে ভেসে প্রথামাফিক স্বরূপগঞ্জে যেতে পারে নি।

গত ১৬-১৯ মার্চ কৃষ্ণনগর রবীন্দ্রভবনে হয়ে গেলো 'কৃষ্ণনগর সিঞ্চন নাট্যোৎসব' — নাট্যপার্বণ ২০২৩-২০২৪। ১৮ মার্চ মঞ্চস্থ হয়েছে 'কৃষ্ণনগর সিঞ্চন' -এর নিজস্ব প্রযোজনা 'শ্যামলা গাঁয়ের গল্পগাছা'। কুচক্রী, বিদেশি নীল দত্ত রাজাকে হাত করে উন্নয়নের নামে পাহাড় গুঁড়িয়ে দিতে চায়। পাহাড় না থাকলে হারিয়ে যাবে রূপাই নদী। পুণ্যতোয়া নদীকে বাঁচাতে শ্যামলা গায়ের সাধারণ মানুষ একজোট হয়ে প্রতিবাদ করে। ভয়ে পালিয়ে যায় নীল দত্ত। ভুল বুঝতে পারে রাজা। সুরক্ষিত থাকে শ্যামলা গাঁয়ের শ্যামল শোভা। একইভাবে এখন উন্নয়ন নামক নীল দত্ত রায়গুণাকর ভারতচন্দ্র রায়ের 'গাঙ্গিনী', কবি হেমচন্দ্র বাগচীর 'গঙ্গার সখী', নদীয়ার জীবনরেখা জলঙ্গি নদীকে হত্যা করার চক্রান্ত করছে। প্রশাসনের কোনও মাথাব্যথা নেই। আধিকারিকরা শুধু জানেন দামী তোয়ালে দিয়ে ঢাকা রিভলভিং চেয়ারে হেলান দিয়ে বসে থাকতে আর মাস শেষ হলে কড়কড়ে নোট গুনে নিতে। নদী ভোট দেয় না। তাই, নদীর দুখ-কষ্ট দেখার সময় নেই রাজনৈতিক নেতাদের। সাধারণ মানুষ নাকে সরষের তেল দিয়ে ঘুমাচ্ছে।

এমতাবস্থায় শ্যামলা গাঁয়ের সাধারণ মানুষদের মতোই কিছু শুভবুদ্ধিসম্পন্ন কৃষ্ণনাগরিক একজোট হয়ে জলঙ্গির ওপর হয়ে চলা অন্যায়-অবিচারের প্রতিবাদ করতে এগিয়ে আসেন। ২০১৯ সালের ২৩ জুন জন্ম নিল একটি অরাজনৈতিক নদীপ্রেমী নাগরিক সংগঠন 'সেভ জলঙ্গি'। এই সংগঠনের সদস্য-সদস্যারা বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে বুঝে নিতে চাইলেন জলঙ্গির শরীরে কোথায় কোথায় কি কি রোগ বাসা বেঁধে আছে। ঘরের খেয়ে বনের মোষ তাড়ানোর দলে নাম লেখানো এইসব তরুণ-তরুণীর অন্তরে তখন অনুরণিত হচ্ছে আন্তিগোনের কথা — 'জীবনের মানে কি শুধু সুখ?... জীবনের আর বড় কোনও অর্থ নেই?... নিজের ন্যায়-অন্যায় বোধ, বিবেক-মনুষ্যত্ব — সব বিসর্জন দিয়ে কেবল এই শরীরটাকে বাঁচিয়ে রাখতে হবে?' এই সময় আসরে নামলেন কৃষ্ণনগর সরকারি মহাবিদ্যালয়ের ভূগোল বিভাগের অধ্যাপক ও বিশিষ্ট নদীগবেষক ড বলাইচন্দ্র দাশ। তাঁর একটি গবেষণাপত্র চোখে আঙুল দিয়ে 'সেভ জলঙ্গি'কে দেখিয়ে দেয় যে, নতুন সেতু নির্মাণ হয়ে যাওয়ার পর সেইসব মাটি ও নির্মাণসামগ্রী এখনও জমে আছে নদীগর্ভে, তা তুলে ফেলা হয় নি। শুরু হলো ছুটোছুটি। পৌর এবং জেলা প্রশাসনের দরজায় বারংবার কড়া নাড়তে থাকলো 'সেভ জলঙ্গি'। প্রথমে কৃষ্ণনগর পৌরসভার তৎকালীন প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করা হয়। তিনি জেলাশাসকের সাথে এই বিষয়ে কথা বলেন। পরে তিনি 'সেভ জলঙ্গি'কে জানান, জেলাশাসকের সম্মতি আদায় করে আনতে পারলে পৌরসভাই মাটি তুলে দেবে। কিন্তু, দুর্ভাগ্যবশত সেই সময় 'সেভ জলঙ্গি' জেলাশাসকের অনুমতি আনতে সক্ষম হয় নি। ২০২২ সালে ৩১ মার্চ জেলা প্রশাসনিক ভবনে জেলাশাসকের উদ্যোগে একটি উচ্চপর্যায়ের গুরুত্বপূর্ণ প্রশাসনিক বৈঠক হয়। বৈঠকে যোগ দেয় 'সেভ জলঙ্গি'। সেখানে জলঙ্গির বিভিন্ন দুর্দশার সাথে নদীগর্ভে সেতু নির্মাণের পর সেই মাটি ও নির্মাণসামগ্রী থেকে যাওয়ার কথা তোলে এই নদীপ্রেমী সংগঠন। যদিও এর আগে ২০২০ ও ২০২১ সালে মাননীয় জেলাশাসককে এই সংগঠন যে ডেপুটেশন দিয়েছে, সেখানে নদীর বুক থেকে এই মাটি ও নির্মাণসামগ্রী তুলে ফেলার কথাও বলা হয়েছিল। তারপর ২০২২ সালের আগস্ট মাসে পুনরায় এই বিষয়ে জেলাশাসককে ডেপুটেশন দেওয়া হয়। কিন্তু কাজের কাজ কিছুই হয় নি। এখানেই স্পষ্ট হয়ে গেল যে, এই কাজ পৌর বা জেলা প্রশাসনকে দিয়ে হবে না।

এবার 'সেভ জলঙ্গি' পৌঁছে যায় জাতীয় সড়ক কর্তৃপক্ষের কাছে। ২০২৩ সালের ২ ডিসেম্বর জাতীয় সড়ক কর্তৃপক্ষকে একটি মেল মারফৎ বিষয়টি জানানো হয়। তারপর ২০২৪ সালের ২৭ মার্চ জাতীয় সড়ক কর্তৃপক্ষের কৃষ্ণনগর শাখা অফিসে প্রজেক্ট ডিরেক্টরকে ডেপুটেশন দেয় 'সেভ জলঙ্গি'। এক মাস পর ৩০ এপ্রিল আবার ডেপুটেশন। এবার জগদ্দল পাথর নড়ে ওঠে। গত ৩ মে জাতীয় সড়ক কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ঠিকাদার সংস্থাকে অবিলম্বে পরিত্যক্ত মাটি সরিয়ে ফেলার নির্দেশ দেয়। কিন্তু সে সময় আদর্শ নির্বাচন বিধি লাগু থাকা এবং অন্যান্য জায়গায় সড়ক তৈরির কাজ চলতে থাকায় মাটি তোলার কাজ শুরু হয় নি। গত ৪ জুন নির্বাচনের ফলাফল প্রকাশিত হওয়ার পর গত ৭ জুন জাতীয় সড়ক কর্তৃপক্ষের দিল্লির সদর দপ্তরে পুনরায় মেল করে 'সেভ জলঙ্গি'। গত ১০ জুন সদর দপ্তর থেকে কৃষ্ণনগর শাখায় এই বিষয়ে একটি নির্দেশিকা আসে। সংশ্লিষ্ট ঠিকাদার সংস্থাকে জাতীয় সড়ক কর্তৃপক্ষ গত ২৫ জুন পুনরায় চিঠি দেয়। অনেক কাঠখড় পুড়িয়ে এবার সুফল পাওয়া গেলো। জলঙ্গিবক্ষ থেকে পরিত্যক্ত মাটি ও নির্মাণসামগ্রী তুলতে শুরু করলো ঠিকাদার সংস্থা। খানিক স্বস্তি পেলো নদী। 'সেভ জলঙ্গি' সফলতার সিঁড়ি বেয়ে এক ধাপ ওপরে উঠে গেলো। কেননা, এই জয় একমাত্র এই নদীপ্রেমী সংগঠনেরই সুদীর্ঘ লড়াইয়ের জয়। এই সত্যকে মানা ছাড়া আর উপায় নেই।

গত ১৭ জুন 'কৃষ্ণনগর সিঞ্চন' আয়োজিত এক স্মারক সন্ধ্যায় কৃষ্ণনগর রবীন্দ্রভবনে হয়ে গেলো এই নাট্যদল প্রযোজিত 'দূরবীন' নাটকের একশত মঞ্চায়ন। নাটকের শেষ দৃশ্যে আর্নল্ডের কাছে দূরবীনের দাম জানতে চায় শুভম। প্রত্যুত্তরে আর্নল্ড জানায়, 'মাই চাইল্ড, দিস ইজ আওয়ার হিস্ট্রি। ইটস নট ফর সেল।' নাটক শেষ হয়ে যায়। কিন্তু এই সংলাপটি প্রেক্ষাগৃহের দেওয়ালে দেওয়ালে অনুরণিত হয়ে বারেবারে যেন ধাক্কা দিতে থাকে প্রতিটি দর্শকের অবচেতনে। সত্যিই তো, আমাদের ইতিহাস, আমাদের ঐতিহ্যই তো এক বড়সড় দূরবীন। এর সাহায্যেই আমরা দেখতে পাই দূরের ভবিষ্যৎকে। ইতিহাস কখনও বিক্রীত হয় না। ইতিহাসকে বিকৃত করাও যায় না। সেই অপচেষ্টা কেউ করলে, তা অপরাধ এবং দেশের জন্য, দশের জন্য তা এক ভয়াবহ ক্ষতিকে ডেকে আনে। ফলশ্রুতিতে তছনছ হয় দেশের, দশের ভবিষ্যৎ। আমরা মাঝেমধ্যেই ভুলে যাই যে, সবচেয়ে বড় বিচারক হলো সময়। সময় ইতিহাস বিকৃতকারী, মিথ্যাবাদীদের চিনে নিয়ে তাদের মুখোশ টেনে খুলে দেবেই। তখন সত্যের অপলাপকারীরা সমাজে মুখ লুকানোর জায়গা খুঁজে পাবে না। তাই, সত্যকে মান্যতা দেওয়াই বুদ্ধিমানের কাজ।

জলঙ্গি নদী বাঁচানোর আন্দোলনের ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে 'সেভ জলঙ্গি'র নাম। নদীপ্রেমী এই সংগঠনকে স্বীকৃতি দেবে সময়। 'সেভ জলঙ্গি' পরিবেশকে ভালবেসে অসুস্থ পরিবেশকে সুস্থ করতে চিকিৎসা চালিয়ে যাচ্ছে, নাম কেনার জন্য শখের পরিবেশ আন্দোলন করছে না। তাই, যখন জাতীয় সড়ক কর্তৃপক্ষের নির্দেশ মেনে ঠিকাদার সংস্থা জলঙ্গির বুক থেকে পরিত্যক্ত মাটি তুলছে, তখন এই সংগঠন সেখানে উপস্থিত থেকে সময় নষ্ট করতে চায় নি। সংগঠনের সদস্য-সদস্যারা জানেন, 'ধূসর ধূলির পথ - / ভেঙে পড়ে আছে রথ - / বহুদূর — দূর যেতে হবে।' তবে, উল্লিখিত কাজের খোঁজখবর রাখতে ভুলে যান নি তাঁরা। কাজ সন্তোষজনক না হলে, আবার জাতীয় সড়ক কর্তৃপক্ষের মুখোমুখি হবে 'সেভ জলঙ্গি'। এখন পরবর্তী লক্ষ্যে পৌঁছানোর জন্য এগিয়ে চলেছে এই নদীপ্রেমী সংগঠন। সংগঠনের সদস্য-সদস্যারা এখন বর্ষায় মন ঢেলে দিয়েছেন বনসৃজনে।

নতুন সেতুর নীচের মাটি ও নির্মাণসামগ্রী তোলা হয়ে গেলে 'সেভ জলঙ্গি' নদীর বুকে অবস্থিত অন্যান্য সেতুর নীচেকার মাটি তোলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেবে। জলঙ্গির জলে ভাসমান অবরোধ সৃষ্টিকারী কচুরিপানা ও প্লাস্টিকজাত বিভিন্ন বর্জ্য তোলার জন্য প্রশাসনের সর্বোচ্চ শিখরে বারেবারে নাড়া দিয়েছে 'সেভ জলঙ্গি'। এবার সাড়া মিলেছে। আর কিছুদিনের মধ্যেই নদীর বুকে নামবে কচুরিপানা ও বিভিন্ন প্লাস্টিকজাত আবর্জনা উত্তোলক যন্ত্র। এখন নদী থেকে কচুরিপানা তুলে কৃষিজমিতে জৈবসার হিসেবে ব্যবহার করে নাইট্রোজেন কমে যাওয়া নদীয়ার মাটিতে নাইট্রোজেন বাড়ানোর লক্ষ্যে এগোচ্ছে এই নদীপ্রেমী সংগঠন। মুমূর্ষু জলঙ্গি নদীর জন্য মৃতসঞ্জীবনী সুধা আনতে বদ্ধপরিকর 'সেভ জলঙ্গি'। এই সংগঠনের সদস্য-সদস্যারা বুক দিয়ে আগলে রাখতে চান নদীকে। তাঁরা যেন সর্বদাই গুনগুন করছেন 'কৃষ্ণনগর সিঞ্চন' -এর 'ও নদী রে' নাটকের শেষদৃশ্যে নাট্যকর্মীদের গাওয়া গান - 'যেও না যেও না নদী / ক্ষণিক ফিরে তাকাও যদি / দু'টি কথা পরাণ খুলে কই / ভালবেসে রাখবো ধরে / বাঁধবো তোরে প্রেমডোরে / পরাণমাঝে থাকিস তুই সই।'

# এ হুঁশিয়ারি কি গণতন্ত্রের নাকি স্বৈরতন্ত্রের !

**সুপ্রিয় দেবরায়**

২১ জুলাই শহিদ মঞ্চের সমাবেশ থেকে তৃণমূল কংগ্রেসের দলীয় সর্বভারতীয় সাধারণ সম্পাদকের ভাষণ মনে করিয়ে দিল, কলেজ জীবনে 'হীরক রাজার দেশে' চলচ্চিত্রটির সেই গানটি; 'নহি যন্ত্র নহি যন্ত্র, আমি প্রাণী / আমি জানি — রাজা রাখল তাদের চেপে / যারা উঠল পরে খেপে / রাজার আসনখানা করবে টলমল / রাজা ঠিক কিনা ঠিক কিনা, তুই বল।' সত্যজিৎ রায়ের 'হীরক রাজার দেশে' শুধু বাংলা নয়, বরং সমগ্র উপমহাদেশের শ্রেষ্ঠ চলচ্চিত্রগুলোর মধ্যেই পড়ে। ছড়ায় লেখা আর হাস্য-রসে ভরা গুপী-বাঘার এই অভিযানটি আপাতদৃষ্টিতে হালকা হলেও মানবসমাজে চিরকাল ধরে চলে আসা এক স্বৈরাচারী রাজের অনাচার-অবিচারের স্পষ্ট সমালোচনা, আর তা হতে উত্তরণের উপায়ের প্রতি প্রচ্ছন্ন ইঙ্গিতের কারণে চলচ্চিত্রটি গভীর তাৎপর্যপূর্ণ, বিশেষত বর্তমান এই যুগেও। আপাতদৃষ্টিতে অভিষেকের কথাগুলি শুনে মনে হতে পারে এ তো একটা দলের অভ্যন্তরীণ সিদ্ধান্ত। একেবারে প্রাইভেট কোম্পানির মত টার্গেট পূরণের অক্ষমতার জন্য শাস্তি। কিন্তু খতিয়ে দেখলে এই সিদ্ধান্তের প্রভাব কিন্তু আমাদের নির্বাচনী গণতন্ত্রের জন্য অনুকূল নয়। অনেক বেসরকারী সংস্থাতেই বছরের শুরুতে টার্গেট নির্ধারণের সময় থাকে একটি প্রচ্ছন্ন হুমকি, শুধু বার্ষিক আর্থিক বৃদ্ধি বা পদোন্নতির ভীতি নয়, থাকে চাকরি খোয়াবার আশঙ্কাও। ফলে যেনতেন প্রকারেণ টার্গেট পূরণের চেষ্টাতে রত থাকেন অনেকেই এবং সেটা অনেকসময়ই পূরণ করা হয় অসাধু উপায়েও। তাতে প্রচ্ছন্ন সায়ও থাকে বেসরকারী সংস্থাগুলির। লোকসভা ভোটে তৃণমূলের সংঘঠন পরিচালনার পুরোভাগে ছিলেন অভিষেক। ভোটের ফল ঘোষণার পরে ব্যক্তিগত চিকিৎসার কারণে ছোট বিরতির পর ২১ জুলাই মঞ্চে তাঁর প্রথম রাজনৈতিক কর্মসূচির ঘোষণা। তিনি বলেন, 'যে কাউন্সিলর, পঞ্চায়েত প্রধান, উপ-প্রধান নিজের ভোটে জিতবেন আর লোকসভা বা বিধানসভা ভোটে তা হবে না, দল আপনার বিরুদ্ধে ব্যবস্থা নেবে। যত বড় নেতার ছত্রচ্ছায়ায় থাকুন না কেন! — আগামী তিন মাসে তার ফল আপনারা দেখতে পাবেন। কাউকে রেয়াত করা হবে না।' যে হুঙ্কার দিয়ে তিনি তাঁর এই ভাষণ দিচ্ছিলেন, মনে হচ্ছিল যেন এক স্বৈরাচারী ব্যক্তিবিশেষের কণ্ঠ। এই হুমকি, এই হুঁশিয়ারি কি গণতান্ত্রিক মনোভাব? যে ভাবেই হোক, জিততেই হবে! সেটা তো আমরা পঞ্চায়েত নির্বাচনে দেখেছি এবং আংশিকভাবে লোকসভা ভোটেও। লোকসভা ভোটে শহরাঞ্চলের ভোটের হিসেবে রাজ্যের প্রায় ৬০ শতাংশের বেশি পুরসভায় পিছিয়ে রয়েছে তৃণমূল। ওয়ার্ডের হিসেবে বহু পুরসভায় তাদের ফল আরও খারাপ। সমাবেশে অভিষেক বন্দোপাধ্যায়ের বক্তব্যে স্পষ্ট নীচুতলার পঞ্চায়েতের প্রধান, উপ-প্রধান, পুরসভার কাউন্সিলর, পুরপ্রধান ইত্যাদিদের মধ্যে যাঁরা গত লোকসভায় তৃণমূলকে নিজের বুথে বা এলাকায় জেতাতে পারেন নি, তাঁদের শাস্তি হবে। কাউকে রেয়াত করা হবে না। এই ভাষণ কি শহিদ মঞ্চ থেকে যুক্তিযুক্ত? শুভ-বুদ্ধি সম্পূর্ণ প্রত্যেক পশ্চিমবঙ্গবাসীর কান সেই কবে থেকে উন্মুখ হয়ে আছে, কেউ একজন শহিদ মঞ্চ থেকে ঘোষণা করবেন, 'আর মারামারি রক্তপাত নয়, আমাদের কর্মসূচী; বিনা রক্তপাতে পরবর্তী নির্বাচন সংঘটিত করা। যার জন্যে আমাদের তেরো জন তরতাজা দলীয় কর্মী শহিদ হয়েছিলেন ২১ জুলাই ১৯৯৩ সালে।' এখন তো আবার নির্বাচনী হিংসার সাথে জুড়ে গেছে মধ্যযুগীয় বর্বরতা, নির্যাতন। এই দুর্বৃত্তদের বাড়বাড়ন্ত কি প্রশাসন ও পুলিশের কল্যাণহস্ত ছাড়া সম্ভব! পুকুর বোজানো, গণপিটুনি, নির্যাতন, ধর্ষণ, প্রাণের ভয় দেখানোর মতো জঘন্য সব অপরাধ করেও এই মাতব্বরেরা আখেরে পার পেয়ে যায়। ভিডিও ভাইরাল হলে, কিছুদিনের জন্য লোকদেখানো পুলিশি হেফাজতে নেওয়া হয়। এদের বিরুদ্ধেও কি কোনও কর্মসূচি ঘোষণা করা জরুরী ছিল না, এই শহিদমঞ্চ থেকে! ইতিমধ্যে ঘোষণা করা হল বর্ধিত হারে অর্থ অনুদান প্রায় ৪৩ হাজার পুজো কমিটিগুলিকে, সঙ্গে বিভিন্ন সরকারি ফি মকুব সহ বিদ্যুৎ বিলে ৭৫ শতাংশ ছাড়। খরচ হতে পারে ৩৬৫ কোটি টাকার বেশি। আগাম ঘোষণা ২০২৫ সালের আর্থিক অনুদানের সংখ্যাও। এটা কি ২০২৬ সালের বিধানসভা নির্বাচনের কথা মাথায় রেখেই! শিক্ষাদপ্তর সূত্রে জানানো হয়েছে, এই বছর থেকে একাদশ শ্রেণির পড়ুয়ারাও ট্যাবের জন্য টাকা পাবেন। এত দিন সেই টাকা বরাদ্দ হত দ্বাদশ শ্রেণির জন্য। ফলে খরচের পরিমাণ বেশি, চলতি বছরে সরকারের ১৫০০ কোটি টাকা খরচ হবে। ট্যাব, মোবাইল, ল্যাপটপের গুরুত্ব সর্বাধিক অনুভূত হয়েছিল অতিমারির সময়। সেই পরিস্থিতি এখন আর নেই। যেখানে স্কুল ভবন সারানোর টাকা নেই, বৃষ্টিতে ছাদ দিয়ে জল পড়ে, ২০১৬ সাল থেকে চলতি বছর পর্যন্ত প্রায় ১৩ লক্ষ পড়ুয়া একাদশ শ্রেণি থেকেই স্কুলছুট; এ কোন শিক্ষাব্যবস্থার উন্নয়নে আগ্রহী সরকার! শিক্ষক-ছাত্রের অভাবে ধুঁকতে থাকা স্কুলগুলি এবং শিক্ষাব্যবস্থার জন্য এ কোন চমক! এ যেন এক দান-খয়রাতির রাজনীতি, উন্নয়নের নয়। একই জিনিস পরিলক্ষিত সম্প্রতি ঘোষিত কেন্দ্রীয় বাজেটে। কেন্দ্রীয় বাজেটের পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা করবেন বিশ্লেষণকারীরা, কিন্তু এককথায় এটিও একটি দান-খয়রাতির বাজেট, শরিকদের খুশি করার বাজেট।

যে প্রসঙ্গে ছিলাম, কোনো দলের সাংগঠনিক রদবদল কী হবে সেটা সেই দলের অভ্যন্তরীণ ব্যাপার। কিন্তু যদি সেই সিদ্ধান্তের প্রভাব বাইরের রাজনৈতিক সংস্কৃতিতে পড়ে, তখন তা আলোচনার বিষয় হয়ে যেতেই পারে। বিগত বাম শাসনকালেও, তাদের সাংগঠনিক সংস্কৃতির মন্দ দিকগুলি যখন জনজীবনে পড়েছিল তখন তা সমালোচনার যোগ্য হয়ে উঠেছিল স্বাভাবিকভাবেই। এবং জনগণ ও তৎকালীন বুদ্ধিজীবীদের সহযোগিতায় তৃণমূল তার বিরোধিতাও করেছিল। এখন তৃণমূল কংগ্রেসের মত ব্যক্তিকেন্দ্রিক দলে, যেখানে কর্তা বা কর্ত্রীর ইচ্ছায় কর্ম, সেখানে এবেলা ওবেলা স্নেহভাজন আর অভাজনদের নামের তালিকা পরিবর্তন হবে, কারো কারো ক্ষেত্রে তা চক্রাকারে আবর্তনশীল হবে, সেটা বলার অপেক্ষা রাখে না। আমাদের দেশের ভোটারদের তাদের নির্বাচনী বিজ্ঞতা মতদানের জন্য অনেক সময় প্রশংসা করা হয়। তারা লোকসভা, বিধানসভা, পৌরসভা এবং পঞ্চায়েত নির্বাচনে আলাদা আলাদা বিবেচনার ওপর নির্ভর করে অনেক সময় ভোট দেন। ফলে তাঁদের পছন্দের দল ও প্রার্থী, নির্বাচন সাপেক্ষে অনেক সময় পরিবর্তন হয়। এটা ভারতীয় গণতন্ত্রের বহুবর্ণিল চরিত্রের একটি পরিচয়। আর এবার লোকসভা ভোটে শহরাঞ্চলের ভোটের হিসেবে রাজ্যের প্রায় ৬০ শতাংশের বেশি পুরসভায় তৃণমূলের পিছিয়ে থাকার কারণ সর্বজনবিদিত। এটির সংশোধনের কোনও প্রয়াস না দেখিয়ে, কণ্ঠের শিরা ফুলিয়ে অভিষেকের এই ফতোয়া পরোক্ষে এই নির্বাচকমণ্ডলীর স্বাতন্ত্র্যকেই অস্বীকার করতে চায়। চাপিয়ে দিতে চায় একদলীয় শাসনব্যবস্থার আধিক্য বা আধিপত্য। কারণ শাস্তির ভয়ে উৎপীড়িত নেতারা তাঁদের নিজের নিজের এলাকায় এরপর থেকে যেনতেন প্রকারেণ জয়ের জন্য আরও মরিয়া হয়ে উঠবেন। তাঁরাও নিজের এলাকার ভোটারদের একইভাবে জবাবদিহি চাইবেন যে পুরসভা বা পঞ্চায়েতে তাঁরা তৃণমূলকে ভোট দিলেও লোকসভায় কেন দেননি। ইভিএমে ভোটপ্রদান করায় এখন বুথভিত্তিক ও এলাকাভিত্তিক ভোটারদের ভোটদানের প্রবণতা সহজেই সনাক্ত করা সম্ভব। ফলত এই জবাবদিহি চাওয়া, পরিষেবা সাময়িক বন্ধ রেখে এলাকার মানুষের ওপর চাপ তৈরি করা; যেটা ইতিমধ্যেই ঘটছে কিছু এলাকায় এবং আরও ঘটবে এবং বাড়বে। হয়তো কলকাতার কোনও সাংবাদিক এই নিয়ে কোনও প্রশ্ন উত্থাপন করার সাহস নাও দেখাতে পারেন। ২১ জুলাইয়ে নেওয়া দলীয় কর্মসূচির পালা শেষ। অনুরোধ সেই দলীয় নেতাদের প্রতি একজন সাধারণ জনগণ হিসেবে, একবার গিয়ে দাঁড়ান আয়নার সামনে, ভুলে যান ভোটে জেতার আত্মতুষ্টি কিছুক্ষণের জন্যে। প্রশ্ন করুন নিজেকেই, দেখতে পাবেন তৃণমূল জমানায় পশ্চিমবঙ্গের দিনকাল কোথায় গিয়ে দাঁড়িয়েছে! যে গণতন্ত্র কায়েম করতে জনগন সরকারের বদল ঘটিয়েছিল ২০১১ সালে, সেই সাম্য কি ফিরে এসেছে, নাকি স্বৈরতন্ত্র নিজের নিয়মেই নিজেকে প্রসারিত করছে!

## লেখা পাঠান

**সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই Unicode-এ টাইপ করে পাঠাতে হবে।**

email : dailyekdin1@gmail.com

## সম্পাদকীয়

### দেশ ও প্রজন্মের স্বার্থে সরকারের প্রাথমিক থেকে উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের দিকে নজর দিতেই হবে

রাজ্যের সরকার-পোষিত বিদ্যালয়গুলোর খুবই দুরবস্থা। এর অন্যতম উদাহরণ বেশ কিছু অঞ্চলের বেশ কয়েকটি সরকার-পোষিত বিদ্যালয়, যেগুলি হয় বন্ধ হয়ে গিয়েছে আর নাহয় ছাত্রাভাবে ধুঁকছে। এর মধ্যে কলোনি এলাকার প্রাথমিক স্কুলগুলোও আছে। এই সব ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান প্রথম থেকেই সরকার-পোষিত ছিল না। সমাজের বিভিন্ন মানুষের বদান্যতায় পরাধীন ভারতবর্ষে নিরক্ষরতা দূরীকরণ এবং শিক্ষার প্রসারের জন্য এগুলি গড়ে উঠেছিল। অনেক গুণী মানুষ এই সব সাবেক বিদ্যালয়ে পড়াশোনা করে দেশ ও দশের মুখ উজ্জ্বল করেছেন। অথচ, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর বর্তমান হাল দেখলে অনুমান করা যায় যে, সরকারের সুনজরের অভাবেই আজ তাদের এমন ভগ্নদশা। সরকারের পরিকল্পিত অবহেলা ও ভ্রান্ত নীতি প্রতিষ্ঠানগুলোকে এমন ধ্বংসের মুখে ঠেলে দিয়েছে। দীর্ঘ দিন ধরে যেমন এখানকার শিক্ষক-শিক্ষিকা নিয়োগ বন্ধ রাখা হয়েছে, তেমনই বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়নের দিকেও কোনও নজর দেওয়া হয়নি। এই সুযোগে বাড়বাড়ন্ত হচ্ছে বেসরকারি ইংরেজি মাধ্যম বিদ্যালয়গুলোর, যেখানে সাধারণ মানুষের প্রবেশ অর্থের দিক থেকে সহজসাধ্য নয়। সরকারি বা সরকারি সাহায্যপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলির এতই করুণ অবস্থা যে, সেখানে ছাত্রাভাবে অনেক বিভাগ উঠিয়ে দিতে হচ্ছে। কোনও কোনও বিদ্যালয়ে মাস্টারমশাই বা দিদিমণিরা যথেষ্ট ছাত্রছাত্রী না থাকায় স্টাফরুমে বসে অলসবেলা কাটিয়ে দিনের শেষে বাড়ি চলে যাচ্ছেন। বেশ কিছু স্কুলে ছাত্রছাত্রীরা আসছে শুধুমাত্র মিড-ডে মিলের জন্য। দিদিমণি মাস্টারমশাইরাও মিড-ডে মিলের ব্যাপারটা দেখে নিয়ে আর পড়াশোনার দিকে নজর দিচ্ছেন না। বরং দায়সারা গোছের দায়িত্ব সেরে বাড়িতে গিয়ে মন দিয়ে গৃহশিক্ষকতা করছেন। প্রশ্ন হল, স্বাধীনতার সাতাত্তর বছর পরে কি আমরা এই শিক্ষাব্যবস্থা চেয়েছিলাম, যেখানে নীরবে সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর অপমৃত্যু ঘটবে আর বেসরকারি ইংরেজি মাধ্যম শিক্ষাপ্রতিষ্ঠানগুলো ভুঁইফোঁড়ের মতো গজিয়ে উঠে রমরম করে ব্যবসা চালাবে? দেশ ও প্রজন্মের স্বার্থে সরকারের কাছে আবেদন, প্রাথমিক স্তর থেকে উচ্চ মাধ্যমিক স্তর পর্যন্ত সরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর প্রতি নজর দেওয়া হোক। শুধুমাত্র শিক্ষা নয়, ছাত্রছাত্রীদের স্বাস্থ্যের প্রতিও নজর দিতে হবে। বিশেষ করে স্কুলের পরিবেশ এমন হোক যেখানে ছাত্রছাত্রীরা আসতে উৎসাহ পাবে। এই দশকের শপথ হোক; প্রতিটা শিক্ষাপ্রতিষ্ঠান যেন হয়ে উঠতে পারে প্রকৃত জ্ঞানার্জনের মন্দির।

## আনন্দকথা

উপরে বিদ্যাসাগর থাকেন। সিঁড়ি দিয়া উঠিয়াই উত্তরে একটি কামরা, তাহার পূর্বদিকে হলঘর। হলের দক্ষিণ-পূর্ব ঘরে বিদ্যাসাগর শয়ন করেন। ঠিক দক্ষিণে আর একটি কামরা আছে — এই কয়টি কামরা বহুমূল্য পুস্তক পরিপূর্ণ। দেওয়ালর কাছে সারি সারি অনেকগুলি পুস্তকাধারে অতি সুন্দররূপ বাঁধানে বইগুলি সাজানো আছে। হলঘরের পূর্ব সীমান্তে টেবিল ও চেয়ার আছে। বিদ্যাসাগর যখন বসিয়া কাজ করেন, তখন সেইখানে তিনি পশ্চিমাস্য হইয়া বসেন। যাঁহারা দেখাশুনা করিতে আসেন, তাঁহারাও টেবিলের চতুর্দিকে চেয়ারে উপবিষ্ট হন। টেবিলের উপর লিখিবর সামগ্রী — কাগজ, কলম, দোয়াত, ব্লটিং, অনেকগুলি চিঠিপত্র, বাঁধানো হিসাব-পত্রের খাতা, দু-চারখানি বিদ্যাসাগরের পাঠ্যপুস্তক রহিয়াছে — দেখিতে পাওয়া যায়। ওই কাষ্ঠাসনের ঠিক দক্ষিণের কামরাতে খাট-বিছানা আছে — সেইখানেই ইনি শয়ন করেন।

*(ক্রমশঃ)*

## জন্মদিন

### আজকের দিন



কল্পনা দত্ত

১৯১৩ *বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী কল্পনা দত্তের জন্মদিন।*
১৯৫০ *বিশিষ্ট গিটার শিল্পী বিশ্ব মোহন ভাটের জন্মদিন।*
১৯৬৭ *বিশিষ্ট চলচ্চিত্রাভিনেতা রাহুল বোসের জন্মদিন।*

# ডেঙ্গুতে শিলিগুড়ির শিশু মৃত্যুতে শিক্ষা এবার বিষ্ণুপুরে পথে স্কুলের ছাত্রছাত্রীরা

**নিজস্ব প্রতিবেদন, বিষ্ণুপুর:** চলতি সপ্তাহে শিলিগুড়িতে ডেঙ্গুতে মৃত্যু হয় এক শিশুর। সংবাদমাধ্যমে এ খবর দেখে কমবেশি প্রত্যেকেই। এবার শিলিগুড়িতে ডেঙ্গুতে মৃত্যুর ঘটনা থেকে শিক্ষা নিয়ে আগেভাগেই নিজেদের গ্রামকে সুরক্ষিত রাখতে পথে নেমে পড়ল স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের কচিকাঁচারা। এ ছবি বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ব্লকের চৌকান গ্রামের।



এদিন চৌকান প্রাথমিক বিদ্যালয়ের কচিকাঁচারা নিজেদের হাতে করে চৌকান গ্রামের চারিদিকে ছড়িয়ে ছিটিয়ে থাকা ঝোপ-জঙ্গল সাফ করলেন। পাশাপাশি গ্রামের মাঝখান দিয়ে যাওয়া ড্রেনের মধ্যে এবং বিভিন্ন বাড়ির আশপাশে ব্লিচিং পাউডার ছড়াতেও দেখা যায় ছাত্রছাত্রীদের। শুধু তাই নয়, ঝোপ-জঙ্গল পরিষ্কারের সময় ছাত্রছাত্রীদের পুঁথিগত বিদ্যার বাইরে সামাজিক সচেতনতা করতেও দেখা যায়, প্রধান শিক্ষক দিব্যেন্দু মুখোপাধ্যায়কে। এই ঝোপ-জঙ্গল পরিষ্কার করার উপকারিতা বোঝান প্রধান শিক্ষক।

স্কুলের ছাত্রীরা জানায়, তারা টিভিতে দেখেছে ডেঙ্গুতে মৃত্যু হয়েছে এক শিশুর। যে কারণে তারা আগেভাগেই নিজেদের গ্রাম পরিষ্কার পরিচ্ছন্ন রাখছে, যাতে মশার বংশবিস্তার না ঘটে এবং মশার কামড়ে যাতে কাউকে মরে যেতে না হয়। চৌকান প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক দিব্যেন্দু মুখোপাধ্যায়ের দাবি, ছাত্রছাত্রীদের এই শিক্ষা দেওয়া হচ্ছে যাতে করে বাড়িতে গিয়েও গুরুজনদেরও এই শিক্ষা দিতে পারে তারা ডেঙ্গু সচেতনতায়।

# জেলাশাসকের বাজার পরিদর্শনেই আসানসোলে কমল আলুর দাম



**নিজস্ব প্রতিবেদন, আসানসোল:** আলু সরবরাহকারী ব্যবসায়ী সংগঠন তাদের ধর্মঘট প্রত্যাহার করার পর পশ্চিম বর্ধমান জেলার জেলাশাসক এস পোন্নবলম বৃহস্পতিবার রাতে আসানসোলের বিভিন্ন খুচরো ও পাইকারি বাজার পরিদর্শন করার পর শুক্রবার সকাল থেকে এক ধাক্কায় অনেকটা দাম কমল আলুর।

উল্লেখ্য, আলুর দাম স্বাভাবিক করার জন্য মুখ্যমন্ত্রীর নির্দেশে ভিন রাজ্যের আলু রপ্তানি করা বন্ধ করে দেয় প্রশাসন। তারই প্রতিবাদে আলু সরবরাহকারী রাজ্যের ব্যবসায়ী সংগঠন রাজ্যে আলু সরবরাহ বন্ধ করে দেয়। স্বভাবতই আলুর দাম কিলো প্রতি ১০ থেকে ১৫ টাকা বেড়ে ৪০ থেকে ৫০ টাকার মধ্যে ঘোরাফেরা করতে থাকে। কপালে ভাঁজ পড়ে বিক্রেতা থেকে শুরু করে ক্রেতাদের মধ্যে। পরে আলু সরবরাহকারী ব্যবসায়ী সংগঠন ধর্মঘট প্রত্যাহার করলে স্বাভাবিক হতে থাকে আলু সরবরাহ।

আলু সরবরাহ ধীরে ধীরে স্বাভাবিক হতেই বৃহস্পতিবার রাতে আসানসোলের জিটি রোড সংলগ্ন মুখ্য বাজার, আসানসোল কোর্ট সংলগ্ন সবজি বাজার পরিদর্শন করেন পশ্চিম বর্ধমান জেলার জেলাশাসক। এই পরিদর্শনের পর শুক্রবার সকালে শহরের বিভিন্ন খুচরো বাজারে এক ধাক্কায় আলুর দাম কমে ৩০ থেকে ৩৫ টাকার মধ্যে ঘোরাফেরা করতে থাকে। ক্রেতা এবং বিক্রেতাদের আশা আলু সরবরাহ বাড়লে আরও কমবে আলুর দাম।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন
9331059060–9831919791

**SBI** | **স্ট্রেসড অ্যাসেটস রিকভারি শাখা, দক্ষিণবঙ্গ**
জীবনদীপ বিল্ডিং, ২য় ফ্লোর, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা-৭০০০৭১
ফোন-(০৩৩) ২২৮৮-৪৪৩৭, ফ্যাক্স-(০৩৩) ২২৮৮-৪৩০২, ই-মেইল: sbi.15196@sbi.co.in

**দখল বিজ্ঞপ্তি**
(স্থাবর সম্পত্তির জন্য)
পরিশিষ্ট-৪ [রুল-৮(১)]

যেহেতু:
নিম্নস্বাক্ষরকারী স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, এসএআরবি দক্ষিণবঙ্গ শাখা-র অনুমোদিত আধিকারিক হিসেবে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩ -এর সঙ্গে পঠিত সেকশন ১৩(১২) অধীনে অর্পিত ক্ষমতাবলে, **১৬.০১.২০২৪** তারিখে একটি দাবি বিজ্ঞপ্তি জারিপূর্বক **ঋণগ্রহীতাগণ: (১) শ্রী মানবেন্দ্র মন্ডল** প্রয়াত দিলীপ কুমার মন্ডলের পুত্র **(২) শ্রীমতী রীতা মন্ডল** প্রয়াত দিলীপ কুমার মন্ডলের স্ত্রী -কে নোটিশে উল্লিখিত **২৭,৩৩,৫৭৫.০০ টাকা (সাতাশ লক্ষ তেত্রিশ হাজার পাঁচশত পঁচাত্তর টাকা মাত্র)** ১৬.০১.২০২৪ অনুযায়ী সেইসঙ্গে ১৭.০১.২০২৪ থেকে অতিরিক্ত সুদ পরিশোধ করতে বলেন উক্ত বিজ্ঞপ্তি গ্রহণের তারিখ থেকে ৬০ দিনের ভিতর।
ঋণগ্রহীতাগণ টাকার অঙ্ক ফেরত দিতে ব্যর্থ হওয়ায়, এতদ্দ্বারা ঋণগ্রহীতাগণ এবং সাধারণভাবে জনগণকে বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন **২৫ জুলাই,২০২৪** তারিখে, উক্ত এক্টের রুল ৮ -এর সঙ্গে পঠিত সেকশন ১৩ -এর সাব সেকশন (৪) অধীনে তাঁর (পুং/স্ত্রী) উপর অর্পিত ক্ষমতাবলে।
বিশেষভাবে ঋণগ্রহীতাগণ এবং সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন এই সম্পত্তি নিয়ে কোনওরকম লেনদেন না করেন এবং এই সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেনে **২৭, ৩৩,৫৭৫.০০ টাকা (সাতাশ লক্ষ তেত্রিশ হাজার পাঁচশত পঁচাত্তর টাকা মাত্র)** ১৬.০১.২০২৪ অনুযায়ী এবং ১৭.০১.২০২৪ থেকে বকেয়াকৃত তদুপরি আরও সুদ, আনুষঙ্গিক খরচ, ব্যয়, চার্জ ইত্যাদি স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া-র ধার্য সাপেক্ষ হবে।
**ঋণগ্রহীতাগণের-এর দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে অ্যাক্টের সেকশন ১৩-র সাব-সেকশন (৮) -এর বন্দোবস্তে, প্রাপ্তব্য সময়ের ব্যাপারে, সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হতে।**

**স্থাবর সম্পত্তির বিবরণ**

সংশ্লিষ্ট সকল অংশ স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাট একতলায় পূর্ব দিকে (সামনের অংশে) পরিমাণ কমবেশি ৫১৭ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া ফ্ল্যাট নং জি-১ ‘‘অলংকার অ্যাপার্টমেন্ট’’ , ২ বেড রুম, ১ ড্রইং তথা ডাইনিং রুম, ১ কিচেন, ১ টয়লেট তিনতলা ভবনে অবস্থিত কেএমসি প্রেমিসেস নং ৮৩১, পূর্বাচল রোড, থানা : কসবা, কলকাতা ৭০০০৭৮, ওয়ার্ড নং ১০৬ অধীন, সাব রেজিস্ট্রি অফিস পূর্বতন আলিপুর, বর্তমানে : শিয়ালদহ, অ্যাসেসি নং ৩১-১০৬-১৭-০৮৩১-৯। সম্পত্তি রেজিস্ট্রিকৃত ডিএসআর-৫ আলিপুর, দক্ষিণ ২৪ পরগনা, স্বত্বাধিকারী শ্রী মানবেন্দ্র মন্ডল পিতা প্রয়াত দিলীপ কুমার মন্ডলএবং রীতা বর্মন মন্ডল স্বামী প্রয়াত দিলীপ কুমার মন্ডল , উল্লেখ্য দলিল নং ১-৬৩০০১৩৮৮-২০২১ সালের। **অ্যাপার্টমেন্ট এর চৌহদ্দি : (দলিল অনুযায়ী) :** উত্তরে : ১০ ফুট চওড়া কেএমসি রোড, দক্ষিণে : ৮ ফুট চওড়া চলার পথ মালিক কর্তৃক ব্যবহৃত শ্রীমতি শেফালী নন্দী উক্ত প্রেমিসেসের। পূর্বে : ১২ ফুট চওড়া চলার পথ বর্তমানে কেএমসি রোড, পশ্চিমে : আরএস দাগ নং ৯৯২।

**দ্রষ্টব্য:** দখলের নোটিশটি ইতিমধ্যেই স্পিড পোস্টের মাধ্যমে ঋণগ্রহীতা/জামিনদারকে পাঠানো হয়েছে। যদি, ঋণগ্রহীতা/জামিনদার এটি না পেয়ে থাকেন, তাহলে এই বিজ্ঞপ্তিটিকে পরিষেবার পরিবর্ত পদ্ধতি হিসাবে বিবেচনা করা যেতে পারে।

**তারিখ: ২৫.০৭.২০২৪**
**স্থান: কলকাতা**
**অনুমোদিত অফিসার**
**এসবিআই এসএআরবি- দক্ষিণবঙ্গ**

# মালদার বাজারে ৩৬ থেকে ২৬ টাকা কিলো দরে নামল আলুর দাম !



**নিজস্ব প্রতিবেদন, মালদা:** প্রশাসনের কড়া পদক্ষেপের পর অবশেষে মালদার বাজারে ২৬ টাকা দরে বিক্রি হতে শুরু করেছে আলু। উত্তরবঙ্গের মালদা জেলাতেই সর্বপ্রথম শুক্রবার থেকেই এক ধাক্কায় ৩৬ টাকা থেকে ২৬ টাকা কিলো দরে আলুর দর নেমে এসেছে। এজন্য জেলা প্রশাসনকে সাধুবাদ জানিয়েছে মালদার সাধারণ নাগরিকেরা। পাশাপাশি জেলাশাসক নীতিন সিংহানিয়া আলুর কালোবাজারি রুখতে গত জুন মাস থেকেই ময়দানে নেমে তদারকি শুরু করেছিলেন। গঠিত হয়েছিল টাস্কফোর্স। সেই টাস্কফোর্সের কর্তারা শহর থেকে গ্রামীণ এলাকার বিভিন্ন বাজারগুলিতেও নিয়মিত অভিযান চালিয়ে যাচ্ছেন। পাশাপাশি দফায় দফায় হিমঘর কর্তৃপক্ষের সঙ্গে আলোচনার করে আলুর দাম নিয়ন্ত্রণে আনতে পেরেছে জেলা প্রশাসন। দু’দিন আগেও যেভাবে আলুর দাম বেড়ে গিয়েছিল, সেখ ানে মালদার বিভিন্ন বাজারে ২৬ টাকা কিলো দরে শুরু হয়েছে আলু বিক্রি। জেলাশাসক নীতিন সিংহানিয়া জানিয়েছেন, রাজ্য সরকার আলুর দর স্বাভাবিক রাখ তেই কড়া নির্দেশ জারি করেছে। সেই দিকে লক্ষ্য রেখেই আলুর পাইকারি বিক্রেতা, হিমঘর কর্তৃপক্ষদের সঙ্গে বেশ কয়েকবার বৈঠক করা হয়েছে। অবশেষে আলুর দাম নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়েছে। আগামী কয়েকদিনের মধ্যে আরো দুই টাকা কমিয়ে ২৪ টাকা কিলো দরে খুচরো বাজারে আলু বিক্রির হবে বলেও জানিয়েছেন জেলাশাসক। জেলা প্রশাসন সূত্রে জানা গিয়েছে, মালদা জেলায় ১৩টি হিমঘর রয়েছে। প্রায় ১ লক্ষ ৮০ হাজার মেট্রিক টন আলু মজুত রয়েছে বিভিন্ন হিমঘর গুলিতে। যেসব পাইকারি বিক্রেতা অথবা কৃষকেরা আলু হিমঘরগুলিতে মজুত রেখেছেন, তাদেরকে সরকারি সহায়ক মূল্যে হিমঘর থেকে আলু তুলে নিয়ে খোলা বাজারে খুচরো বিক্রেতাদের কাছে স্বাভাবিক মূল্যে বিক্রির নির্দেশ দিয়েছে প্রশাসন। এক্ষেত্রে হিমঘর কর্তৃপক্ষগুলিও যাতে সহযোগিতা করে সে কথাও জানানো হয়েছে প্রশাসনের পক্ষ থেকে। তবে কোনও হিমঘরে কৌশলে আলু মজুত করে রাখা যাবে না বলেও জানিয়েছিল প্রশাসন। একাধিকবার এইসব বিষয় নিয়ে প্রশাসনিক স্তরে বৈঠক করার পরেই আলুর দম অনেকটাই নিয়ন্ত্রণে এসেছে।

জেলা প্রশাসনের এক কর্তা জানিয়েছেন, মালদা মার্চেন্ট চেম্বার অফ কমার্সের কর্মকর্তাদের এক্ষেত্রে সহযোগিতা করতে বলা হয়েছে। পাশাপাশি হিমঘর কর্তৃপক্ষগুলিকেও জানিয়ে দেওয়া হয়েছে। যাতে কোনওভাবেই বিনা কারণে আলু মজুত না রাখে। স্বাভাবিক মূল্যে পাইকারদের মাধ্যমে খুচরা বাজারে যাতে আলো বিক্রি হয় সেদিকেও নিয়মিত নজর রাখছে জেলা প্রশাসন।

উল্লেখ্য আলুর দাম নিয়ন্ত্রণে রাখতে ইতিমধ্যে মালদা জেলায় ৪৩টি জায়গায় সহায়ক মূল্যে আলু বিক্রির উদ্যোগ নিয়েছে জেলা প্রশাসন। এছাড়াও শহর থেকে গ্রামীন এলাকায় ভ্রাম্যমাণ সাতটি গাড়িতেও আলু বিক্রি করা হচ্ছে।

মালদা মার্চেন্ট চেম্বার অফ কমার্সের সম্পাদক উত্তম বসাক জানিয়েছেন ,সংগঠনের পক্ষ থেকে বিভিন্ন বাজারে গিয়ে আলুর দাম স্বাভাবিক রাখার ক্ষেত্রে প্রচার চালানো হচ্ছে। জেলাশাসক নীতিন সিংহানিয়া জানিয়েছেন, আলুর দর এখন মালদা জেলায় ২৬ টাকা কিলো। আশা করছি কয়েকদিনের মধ্যে ২৪ টাকা কিলো দরে নেমে যাবে।

# কাউন্সিলরের উদ্যোগে বৃক্ষরোপণ

**নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান:** বর্ধমান শহরের ১৭ নম্বর ওয়ার্ডের তেলিপুকুর এলাকায় কাউন্সিলর রূপালী কৈবর্তর উদ্যোগে সত্তরটি গাছের চারা লাগানো হয়। এছাড়াও ওয়ার্ডে মোট ৩০০টি গাছের চারা লাগানো হবে বলে জানিয়েছেন কাউন্সিলর রূপালী কৈবর্ত। তিনি জানিয়েছেন, তেলিপুকুর এলাকায় জাতীয় সড়কের ঠিক পাশের জায়গাটি আগে অপরিচ্ছন্ন নোংরা আবর্জনায় ভরে থাকত পুরসভার পক্ষ থেকে জায়গাটি পরিষ্কার করে এখানে গাছের চারা লাগানো হচ্ছে। এই জায়গাটিতে আশপাশের এলাকা এবং যেখান সেখান থেকে মানুষ এসে নোংরা আবর্জনা ফেলে দিয়ে চলে যেত তাই জায়গাটি পুরসভার পক্ষ থেকে অধিগ্রহণ করে পরিষ্কার করা হয় তারপরে গাছের চারা লাগানোর কাজ চলছে এবং এর চারপাশে গাছে চারা লাগিয়ে সৌন্দর্যায়ন করা হবে বলেও জানিয়েছেন তিনি। এই এলাকায় জাতীয় সড়কের পাশ বরাবর একটি পুকুর ছিল সেই পুকুরটি বুজিয়ে বেড়া লাগিয়ে সেখানেও গাছের চারা লাগিয়ে সৌন্দর্যায়নের কাজ চলছে বলে জানিয়েছেন।

# বিশ্ববিদ্যালয়ে পালিত ছাত্রনেতার মৃত্যুবার্ষিকী

**নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান:** ছাত্র আন্দোলন করতে গিয়ে মৃত্যু হয়েছিল অখিলেশ বন্দ্যোপাধ্যায়ের। ১৯৭৩ থেকে অখিলেশ বন্দ্যোপাধ্যায়ের মৃত্যুবার্ষিকী পালন করা হয়ে আসছে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের রাজবাটি ক্যাম্পাসে। সেখানে বসানো রয়েছে তাঁর একটি আবক্ষ মূর্তি। সেই মূর্তিতে দীর্ঘ দিন ধরে তৃণমূলের নেতা শ্যামাদাস বৈরাগ্য উদ্যোগ নিয়ে তাঁর মৃত্যুবার্ষিকী পালন করে আসছেন। কংগ্রেসের আমলে একটি দলীয় কর্মসূচির সময় পেছন থেকে ছুরি মেরে দুষ্কৃতীরা আঘাত করেছিল অখিলেশ বন্দ্যোপাধ্যায়কে। সেখানেই তিনি মারা যান।

ওই সময় তিনি বিশ্ববিদ্যালয় কংগ্রেস সংগঠনের সাধারণ সম্পাদক ছিলেন বলে জানা গিয়েছে। সেই ঘটনার পর থেকেই বর্ধমান বিশ্ববিদ্যালয় রাজবাটি ক্যাম্পাসে তাঁর পথিকৃতিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করে তাঁর আত্মার শান্তি কামনা করে এক মিনিট নীরবতা পালন করে স্মরণসভার আয়োজন করা হয়। উদ্যোক্তাদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরাও এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

**সিজবেড়িয়া ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
(CIN: U65191WB1994PLC065401)
রেজিঃ অফিস: কেসিআই প্লাজা, ৮ম তল, ২৩সি, আশুতোষ এভিনিউ, কলকাতা-৭০০০১৯
ফোন: ০৩৩-২৪৫৪-৩০৬৩, ই-মেল: co@kirtivardhan.com

**শেয়ারহোল্ডারদের প্রতি নোটিস**

এতদ্দ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, কোম্পানির ৩০তম বার্ষিক সাধারণ সভা কোম্পানির রেজিস্টার্ড অফিসে ২৫ সেপ্টেম্বর, ২০২৪ তারিখ বুধবার বিকেল ৪.০০টায় হাইব্রিড মোডে অনুষ্ঠিত হবে এবং এছাড়াও ভিডিও কনফারেন্সিং (ভিসি)/আদার অডিও ভিস্যুয়াল মিনস (ওএভিএম)-এর মাধ্যমে এজিএমের নোটিসে বর্ণিতমতো সাধারণ কার্যাদি নিষ্পন্নের জন্য যা এজিএম আহ্বানে প্রচারিত হবে :-

১) ৩১ মার্চ, ২০২৪ তারিখে সমাপ্ত বর্ষের জন্য নিরীক্ষিত আর্থিক বিবরণ গ্রহণ করা।

২) ডিরেক্টর(বর্গ) নিয়োগ করা।

প্রযোজ্য আইন অনুযায়ী এজিএম-এর নোটিস এবং ৩১ মার্চ, ২০২৪ তারিখে সমাপ্ত আর্থিক বর্ষের বার্ষিক রিপোর্ট নোটিস পাঠানোর কাট-অফ তারিখ অর্থাৎ ৯ অগস্ট, ২০২৪ তারিখমতো যাঁদের ইমেল অ্যাড্রেস কোম্পানি/ডিপজিটরি-র কাছে রেজিস্টার্ড আছে সেইসব সদস্যকে কেবল বৈদ্যুতিন মোডে পাঠানো হবে। সুতরাং সদস্যদের এতদ্দ্বারা অনুরোধ করা হচ্ছে অবিলম্বে কোম্পানিতে **co@kirtivardhan.com**/ রেজিস্টারস-র কাছে – **mcssta@rediffmail.com**/ডিপজিটরির কাছে তাঁদের ই-মেল আইডি রেজিস্টার্ড/ হালনাগাদ করাতে। নোটিসের হার্ড কপি এবং বার্ষিক রিপোর্ট কোম্পানির রেজিস্টার্ড অফিসে পাওয়া যাবে।

এজিএম-র সময় কোম্পানি রিমোট ই-ভোটিং সেইসঙ্গে ভোটিং-এর ব্যবস্থাও করবে। ভিসি/ওএভিএম-এর মাধ্যমে এজিএম-এ যোগদানের জন্য বিস্তারিত নির্দেশাবলি এজিএম -এর নোটিসে দেওয়া হবে। কোম্পানি শ্রী অমিত চোরারিয়া, প্র্যাকটিসিং চ্যার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট -কে ভোটিং প্রক্রিয়ার জন্য স্ক্রুটিনাইজার হিসাবে নিয়োগ করেছে।

কোনও প্রশ্ন বা বিষয়ের ক্ষেত্রে যোগাযোগ করা যেতে পারে এখানে — কোম্পানি - **co@kirtivardhan.com**/রেজিস্টারস- **mcssta@rediffmail.com.**

সিজবেড়িয়া ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে
এ. কে. কানোরিয়া
ডিরেক্টর
DIN : 00093666

স্থান: কলকাতা
তারিখ: ২৫ জুলাই, ২০২৪

**অ্যালফ্রেড হারবার্ট (ইন্ডিয়া) লিঃ**
রেজিঃ অফিস: ১৩/৩ স্ট্র্যান্ড রোড,
কলকাতা-৭০০০০১
টেলিফোন: ২২২৬ ৮৬১৯
ফ্যাক্স: ২২২৯ ৯১২৪
ই-মেল : Kolkata@alfredherbert.com
ওয়েবসাইট : www.alfredherbert.co.in
**CIN: L74999WB1919PLC0035169**

**বিজ্ঞপ্তি**

৯ জুলাই, ২০২৪ তারিখ শুক্রবার কোম্পানির পরিচালন পর্ষদের একটি সভা অনুষ্ঠিত হবে যেখানে ৩০ জুন, ২০২৪ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং তিন মাসের অনিরীক্ষিত আর্থিক ফলাফল (স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড) নথিভুক্ত করা হবে।

পর্ষদের পক্ষে
**শোভনা শেঠি**
কোম্পানি সেক্রেটারি এবং
চিফ ফিনান্সিয়াল অফিসার

স্থান: কলকাতা
তারিখ: ২৬.০৭.২০২৪

**আইপ্রো ক্যাপিটাল লিঃ**
**CIN: U51491WB1947PLC061685**
**বিড়লা বিল্ডিং, ৯/১, আর এন মুখার্জি রোড, কলকাতা-৭০০০০১**
**ই-মেল: ipro.capital@gmail.com ফোন নং : (০৩৩) ৪০৮২ ৩৭০০/২২২০ ০৬০০**
**ওয়েবসাইট: iprocapital.in**

**বিজ্ঞপ্তি**
**(কোম্পানির ইক্যুইটি শেয়ারহোল্ডারগণের জন্য দ্রষ্টব্য)**
**বিষয় : কোম্পানির ইক্যুইটি শেয়ার হস্তান্তর করা হবে ডিম্যাট খাতায় ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথোরিটিতে**

কোম্পানি আইন ২০১৩, ধারা ১২৪(৬) সঙ্গে পঠিতব্য ইনভেস্টার এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (অ্যাকাউন্টিং, অডিট, ট্রান্সফার অ্যান্ড রিফান্ড) আইন ২০১৬ সঙ্গে পঠিতব্য যা বর্ণনা করছে বিভিন্ন পরিবর্তন।

অন্যান্য বিষয়ের মধ্যে, রুলস অনুযায়ী যদি কোম্পানির ইনভেস্টার এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (‘‘দি অথোরিটি’’)-এর ডিম্যাট খাতায় থাকা সমস্ত শেয়ার স্থানান্তরকরণের ক্ষেত্রে যদি কোনও ডিভিডেন্ড কেউ দাবি না করে থাকেন, সাত বছর বা তার বেশি সময়ের জন্য।

উপরিউক্ত আইনের বিভিন্ন ধারা অনুযায়ী কোম্পানি তার শেয়ারহোল্ডারগণকে তাদের শেষ নথিভুক্তকৃত ঠিকানায় যোগাযোগ করেছেন যারা আর্থিক বর্ষ ২০১৬-১৭ ও তৎপরবর্তী সময়ের ডিভিডেন্ড দাবি না করে থাকেন সেই সম্পর্কিত কার্যের বিবরণ দিয়েছেন।

কোম্পানি সেইসমস্ত শেয়ারহোল্ডারগণের ফোলিও নং অথবা ডিপি আইডি/ক্লায়েন্ট আইডি এবং ইক্যুইটি শেয়ার সংখ্যা যা ডিম্যাট খাতায় পরিবর্তিত হবে তার বিবরণ আপলোড করেছেন তার ওয়েবসাইট iprocapital.in -তে। শেয়ারহোল্ডারগণকে ওই ওয়েবসাইট থেকে ডিভিডেন্ডের বিবরণ যা ভাঙানো হয়নি এবং ইক্যুইটি শেয়ারের বিবরণ যা ডিম্যাট খাতায় পরিবর্তিত হবে তা ওয়েবসাইট থেকে যাচাই করে নিতে অনুরোধ করা হচ্ছে।

এই বিষয়ে যুক্ত শেয়ারহোল্ডারগণ যাদের ইক্যুইটি শেয়ার আছে ফিজিক্যাল ফর্মে এবং তাদের ইক্যুইটি শেয়ারগুলি অথোরিটি অ্যাকাউন্টের ডিম্যাটে স্থানান্তরিত করার জন্য বাধ্য তাঁরা লক্ষ্য করবেন যে, কোম্পানি আসল শেয়ার সার্টিফিকেট(গুলি)-এর পরিবর্তে নতুন শেয়ার সার্টিফিকেট(গুলি) ইস্যু করবেন ডিম্যাট অ্যাকাউন্টে স্থানান্তরিত করার জন্য এবং এব্যাপারে আইন অনুযায়ী আসল শেয়ার সার্টিফিকেট(গুলি) যেগুলি নিবন্ধভুক্ত আছে সেগুলি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হবে এবং অ-আলোচনাযোগ্য হিসেবে গণ্য হবে। যেসমস্ত সভ্যগণের ইক্যুইটি শেয়ার ডিমেটিরিয়ালাইজড আকারে আছে এবং যেসমস্ত ইক্যুইটি শেয়ারগুলি ডিম্যাট খাতায় পরিবর্তিত হবে তাদের জন্য কোম্পানি তার কর্পোরেট কাজের দ্বারা ডিপোজিটরিকে জানিয়ে দেবেন। শেয়ারহোল্ডারগণ আরও লক্ষ্য করুন যে, কোম্পানি তার ওয়েবসাইটে যে বিবরণ আপলোড করেছেন তা নতুন সার্টিফিকেট(গুলি) জারি করার জন্য যথেষ্ট সময় প্রদান করা হবে বলে মনে করা হচ্ছে, যার দ্বারা ইক্যুইটি শেয়ারগুলি ডিম্যাট খাতায় পরিবর্তিত হবে।

শেয়ারহোল্ডারগণ লক্ষ্য করুন যে, অদাবিকৃত ডিভিডেন্ড এবং যেসমস্ত শেয়ারসমূহ আইইপিএফ খাতে/ডিম্যাট খাতায় জমা করা হয়েছে সেখানে ওই সম্পর্কিত শেয়ারের ক্ষেত্রে সুবিধাসমূহ একইরকম থাকবে এবং প্রয়োজনে বিভিন্ন প্রথাগত মাধ্যমে আইইপিএফ থেকে দাবি করা যায়।

যদি কোম্পানি ২০.০৯.২০২৪ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শেয়ারহোল্ডারের কাছ থেকে কোনও বৈধ দাবি না পান তবে রুলস-এ বর্ণিতমতো পদ্ধতি মেনে অথরিটির ডিম্যাট অ্যাকাউন্টে তা হস্তান্তর করা হবে।

শেয়ারহোল্ডারগণের এই বিষয় এবং রুলস সম্পর্কিত কোনও প্রশ্ন/জ্ঞাতব্য যদি থাকে তবে তাঁরা যোগাযোগ করতে পারেন কোম্পানির রেজিস্টার্ড অফিসে অথবা মাহেশ্বরী ডেটোমেটিক্স প্রাঃ লিঃ, রেজিস্ট্রার অ্যান্ড ট্রান্সফার এজেন্ট, ২৩ আরএন মুখার্জি রোড, ৬ষ্ঠ তল, কলকাতা-৭০০০০১ ফোন: +৯১ ৩৩ ২২৪৮ ২২৪৮/২২৪৩ ৫০২৯, ফ্যাক্স: +৯১ ৩৩ ২২৪৮ ৪৭৮৭; ই-মেল mdpldc@yahoo.com -তে যোগাযোগ করুন।

**আইপ্রো ক্যাপিটাল লিমিটেডের পক্ষে**
**স্বা/-**
**ইউ সি জৈন**
**ডিরেক্টর**
**DIN: 00008980**

স্থান : কলকাতা
তারিখ : ২৬.০৭.২০২৪

**ব্যাঙ্ক অফ ইন্ডিয়া Bank of India BOI** Relationship beyond banking

**বর্ধমান জোনাল অফিস**
৪৪৬/এন, আর্মস্ট্রং এভিনিউ, বিধাননগর, সেক্টর-২এ, দুর্গাপুর,
জেলা: বর্ধমান, পিন-৭১৩২১২, ফোন নং- ০৩৪২-২৬৬৫৭০৩

**দখল বিজ্ঞপ্তি**
(স্থাবর সম্পত্তির জন্য)
পরিশিষ্ট-৪ [রুল-৮(১) দেখুন]

**এ/সি নং- ৪২৩৬৩০১০০০০০২২৮, ৪২৩৬৭৩৬১০০০০১৫৫, ৪২৩৬৬৫৯১০০০০০১১**

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী, ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদিত আধিকারিক হিসেবে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৩-এর সঙ্গে পঠিত সেকশন ১৩(১২) অধীনে অর্পিত ক্ষমতাবলে **২৪.০৭.২০২৩** তারিখে দাবি বিজ্ঞপ্তি প্রদানপূর্বক ঋণগ্রহীতা **মেসার্স মহাপ্রভু মুড়ি মিল, স্বত্বাধিকারী- শ্রী নিতাই সরকার** - কে আহ্বান জানিয়ে নোটিসে উল্লিখিত পরিমাণ **১১,৭৪,৫৫৪.২৪ টাকা (এগারো লাখ চুয়াত্তর হাজার পাঁচশো চুয়ান্ন টাকা চব্বিশ পয়সা মাত্র)** অনাদায়ী সুদ সহ উক্ত বিজ্ঞপ্তি গ্রহণের তারিখ থেকে ৬০ দিনের ভিতর পরিশোধ করতে বলেন।
ঋণগ্রহীতা টাকার অঙ্ক পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, বিশেষভাবে ঋণগ্রহীতাকে ও সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী এখানে নীচে উল্লিখিত সম্পত্তির দখল নিয়েছেন সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলস, ২০০২-এর রুল ৮-এর সঙ্গে পঠিত উক্ত অ্যাক্টের সেকশন ১৩ -এর সাব-সেকশন (৪) অধীনে তাঁর উপর অর্পিত ক্ষমতাবলে, **২৩ শে জুলাই, ২০২৪ তারিখে।**
বিশেষভাবে ঋণগ্রহীতাকে ও সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন এই বিষয় সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেন না করেন এবং এই সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেনে **১১,৭৪,৫৫৪.২৪ টাকা (এগারো লাখ চুয়াত্তর হাজার পাঁচশো চুয়ান্ন টাকা চব্বিশ পয়সা মাত্র)** এবং তার উপর সুদ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (প্রতিষ্ঠানের নাম) এর ধার্য সাপেক্ষ হবে।
*ঋণগ্রহীতাগণের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে অ্যাক্টের সেকশন ১৩-র সাব-সেকশন (৮) -এর বন্দোবস্তে, প্রাপ্তব্য সময়ের ব্যাপারে, সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হতে।*

**স্থাবর সম্পত্তির বিবরণ**

শ্রী নিতাই সরকারের নামে ভবন সমন্বিত সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার মৌজা সাতগাছিয়া, জেএল নং ৮১, এল.আর. খতিয়ান নং ৩২৮৭, এল.আর. প্লট নং ৯৫, গ্রাম ও পোস্ট- সাতগাছিয়া, থানা- মেমারি, জেলা- পূর্ব বর্ধমান, পিন- ৭১৩৪২২ দলিল নং. আই, ১৮৪২ সাল-১৯৯৯। **পরিবেষ্টিত: উত্তরে**- সাধারণ পথ তারপর জগলাল চৌধুরীর বাড়ি, দক্ষিণে- শঙ্কর কীর্তনিয়ার সম্পত্তি, পূর্বে- লক্ষন মণ্ডলের খালি জমি, পশ্চিমে- মেমারি মালন্ধা রোড দ্বারা।

**তারিখ: ২৩.০৭.২০২৪, স্থান: সাতগাছিয়া** **অনুমোদিত অফিসার, ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank

**ইন্ডিয়ান ব্যাঙ্ক**
**জোনাল অফিস- চুঁচুড়া, সেনকো বিল্ডিং, ৩য় তল, বালি মোড়, ব্যান্ডেল, জেলা- হুগলী, পশ্চিমবঙ্গ- ৭১২১০৩**
**ফোন নং: (০৩৩) ২৬৮০ ২৯৯০, ই-মেইল: zochinsurah@indianbank.co.in**

**দখল বিজ্ঞপ্তি**
**(স্থাবর সম্পত্তির জন্য)**

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট (সিকিউরিটি) ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩ এর সঙ্গে পঠিত ১৩ (১২) এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগের অধীনে অনুমোদিত অফিসার পরবর্তীতে উল্লেখিত প্রতিটি অ্যাকাউন্টের সাপেক্ষে উল্লেখিত তারিখগুলিতে একটি ডিমান্ড নোটিশ জারি করে, উল্লিখিত নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে অর্থ পরিশোধ করার জন্য তাদের কে আহ্বান জানায়।
ঋণগ্রহীতা অর্থ পরিশোধে ব্যর্থ হয়েছেন, এতদ্বারা নিম্নোক্ত ঋণগ্রহীতাগণ ও সাধারণভাবে জনসাধারণকে নোটিশ দেওয়া হচ্ছে রুল ৮-এর সাথে পঠিত উল্লিখিত আইনের সেকশন ১৩(৪) এর অধীনে প্রতিটি অ্যাকাউন্টের বিপরীতে উল্লিখিত তারিখগুলিতে উল্লিখিত বিধিগুলির বলে নিম্নস্বাক্ষরকারী প্রদত্ত ক্ষমতা প্রয়োগের মাধ্যমে এখানে বর্ণিত সম্পত্তি/গুলি দখল করেছেন ।
বিশেষ করে ঋণগ্রহীতাগণএবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে তারা সম্পত্তি/গুলি নিয়ে লেনদেন করবেন না এবং সম্পত্তি/গুলি নিয়ে যে কোনও লেনদেনে এখানে নীচের অ্যাকাউন্ট গুলিতে প্রতিটির বিপরীতে উল্লিখিত পরিমাণ এবং সুদ ইন্ডিয়ান ব্যাঙ্ক (পূর্বতন এলাহাবাদ ব্যাঙ্ক) -এর চার্জ সাপেক্ষে হবে ।
এখানে বিশদভাবে বর্ণিত ঋণগ্রহীতাদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে আইনের ধারা ১৩-এর উপ-ধারা (৮) এর বিধানগুলির প্রতি, সুরক্ষিত সম্পদগুলিকে মুক্ত করার জন্য উপলব্ধ সময়ের ব্যাপারে ।

| ক্র. নং. | অ্যাকাউন্ট / ঋণগ্রহীতা / জামিনদার / শাখার নাম | দাবি বিজ্ঞপ্তি ও দখল বিজ্ঞপ্তির তারিখ | দাবি বিজ্ঞপ্তির তারিখে বকেয়া পরিমাণ (টাকায়) | সম্পত্তির বিবরণ |
|---|---|---|---|---|
| ১. | **অ্যাকাউন্ট : শ্রী সুব্রত মুখার্জি, ঋণগ্রহীতা :** শ্রী সুব্রত মুখার্জি, পিতা সত্য বিজয় মুখার্জি, ফ্ল্যাট নং ৪০৪, ৪র্থতল, ১৪৪ বীরেশ্বর ব্যানার্জি স্ট্রিট, পো : ভদ্রকালী, থানা : উত্তরপাড়া,জেলা : হুগলি,৭১২২৩২, পঃবঃ। **শাখা :** রিষড়া। | ১৫.০৭.২০২২ এবং ২২.০৭.২০২৪ | **১৬৬৮৫৫২/- টাকা** (ষোলো লক্ষ আটষট্টি হাজার পাঁচশত বাহান্ন টাকা মাত্র) ১৫.০৭.২০২২ অনুযায়ী এবং উক্ত পরিমানের উপর ১৬.০৭.২০২২ থেকে চুক্তিভিত্তিক হারে আরো সুদ বহন করে পরিশোধের তারিখ পর্যন্ত চার্জ এবং খরচ সহ | সংশ্লিষ্ট সকল অংশ বসবাসের ফ্ল্যাট নং ৪০৪, ৪র্থতল, পরিমাণ ৮১১ বর্গফুট (সুপার বিল্ট আপ এরিয়া) কমবেশি অবিস্থত আরএস দাগ নং ১৫১৮ এবং ১৫১৯ , এলআর দাগ নং ৩৬১৩ এবং ৩৬১৮, আরএস খতিয়ান নং ৮৭৭স এলআর খতিয়ান নং ৪৪১০, ৪৪৪৬, ১২৮৭, ৮৫৫৪, ৮৫৫০ এবং ৮৫৫৬ , মৌজা : উত্তরপাড়া কোতরং, জেএল নং ৮, হোল্ডিং নং ১৪৪, বীরেশ্বর ব্যানার্জি স্ট্রিট, থানা: উত্তরপাড়া, পোঃঅঃ- ভদ্রকালী, জেলা : হুগলি, উত্তরপাড়া কোতরং পুরসভা অধীন, রেজিস্ট্রিকৃত দলিল নং ৬২২ তারিখ ১০.০২.২০২০ , বুক নং ১, ভল্যুম নং ০৬২১-২০২০, পৃষ্ঠা ২০৯৮৯ থেকে ২১০২৫, এডিএসআর উত্তরপাড়া, স্বত্বাধিকারী শ্রী সুব্রত মুখার্জি। |

**তারিখ: ২৭.০৭.২০২৪, স্থান: ব্যান্ডেল** **স্বা/- অনুমোদিত অফিসার, ইন্ডিয়ান ব্যাঙ্ক**

**UCO Bank**

**জোনাল অফিস : বালাসোর**
**ও. টি. রোড, পুলিশ লাইন ছক -এর নিকটে,**
**বালাসোর, ওড়িশা-৭৫৬০০১**

**ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি**
(সারফেইসি অ্যাক্ট ২০০২ অধীন)

**স্থাবর সম্পত্তির বিক্রয়ের জন্য ই-নিলামের সাধারণ বিজ্ঞপ্তি**
**ইএমডি এবং নথি দাখিলের শেষ তারিখ এবং সময় : ২১.০৮.২০২৪ বিকেল ৪.০০টা পর্যন্ত**

**২০০২ সালের (২০০২-এর ৫৪ নং) সিকিউরিটাইজেন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেট অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট** -এর অধীন ব্যাঙ্কের নিকট বন্ধকদত্ত স্থাবর সম্পত্তি বিক্রয়। যেহেতু, ইউকো ব্যাঙ্কের অনুমোদিত অফিসার সংশ্লিষ্ট ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস -এর এবং উক্ত আইনের ধারা ১৩(২) অধীনে সংশ্লিষ্ট সম্পত্তি/সমূহ দখলীকৃত **‘‘যেখানে যেমন আছে’’, ‘‘যেখানে যা আছে’’ এবং ‘‘যে অবস্থায় আছে’’** ভিত্তিতে ব্যাঙ্ক তার বকেয়া সুদ আদায়ের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতা আদায়দানে ব্যর্থ হওয়ায় নিম্নস্বাক্ষরকারী উক্ত আইনের **ধারা ১৩(৪) অধীনে** প্রদত্ত ক্ষমতাবলে সংশ্লিষ্ট সম্পত্তি বিক্রয়ের মাধ্যমে উসুল করবেন।

| ক্র. নং | সুগো শাখা / ঋণগ্রহীতাগণের / জামিনদারগণের নাম এবং ঠিকানা | স্থাবর সম্পত্তির বিবরণ | বিজ্ঞপ্তির পরিমাণ | দাবি/দখল বিজ্ঞপ্তির তারিখ | মজুত মূল্য/ ইএমডি | শাখা ম্যানেজারের নাম এবং ঠিকানা |
|---|---|---|---|---|---|---|
| ১. | **ঋণগ্রহীতা : মেসার্স রাধামাধব ট্রেডিং, স্বত্বাধিকারী: শ্রীমতী রাধারাণী প্রামানিক,** ঠিকানা: সুনাকানিয়া, পোঃঅঃ : দাঁতন, জেলা : পশ্চিম মেদিনীপুর, পিন-৭২১৪২৬ / **জামিনদারগণ: ১) সুরেন্দ্রনাথ প্রামানিক,** পিতা ভরত চন্দ্র প্রামানিক, **২) রাজেশ কুমার প্রামানিক,** পিতা সুরেন্দ্রনাথ প্রামানিক, **৩) উত্তম কুমার প্রামানিক,** পিতা সুরেন্দ্রনাথ প্রামানিক, **সকলের ঠিকানা:** সুনাকানিয়া, পোঃঅঃ : দাঁতন, জেলা : পশ্চিম মেদিনীপুর, পিন-৭২১৪২৬ | সংশ্লিষ্ট সকল অংশ স্থাবর সম্পত্তির স্বত্বাধিকারী **১) শ্রী সুরেন্দ্রনাথ প্রামানিক,** গ্রাম /মৌজা : সুনাকানিয়া, পো : দাঁতন, জেলা : পশ্চিম মেদিনীপুর, পিন : ৭২১৪২৬, খাতা নং : ১৭৬, ২৩৭, ২৯৩/১, প্লট নং ২১৪ (অংশ), ২১৫ (অংশ), ২১৩ (অংশ), **এরিয়া : এসি.০.০০৫ ডেসি., এরিয়া : এসি.০.০৮০ ডেসি., এরিয়া : এসি.০.০৫০ ডেসি., চিহ্নিত স্থান : রেলওয়ে/বাস স্ট্যান্ড থেকে দূরত্ব ৫ কিমি, ২) শ্রী রাজেশ কুমার প্রামানিক,** গ্রাম /মৌজা : সুনাকানিয়া, পো : দাঁতন, জেলা : পশ্চিম মেদিনীপুর, পিন : ৭২১৪২৬, খাতা নং ২২৭/২, প্লট নং ২১৪/(অংশ), ২১৫ (অংশ), **এরিয়া : এসি.০.০৩০ ডেসি., এসি.০.০৩০ডেসি. চিহ্নিত স্থান : রেলওয়ে/বাস স্ট্যান্ড থেকে দূরত্ব ৫ কিমি, ৩) উত্তম প্রামানিক,** গ্রাম / মৌজা : সুনাকানিয়া, পো : দাঁতন, জেলা: পশ্চিম মেদিনীপুর, পিন : ৭২১৪২৬ , খাতা নং ২৪/১, প্লট নং ২১৪ (অংশ), ২১৫ (অংশ), **এরিয়া : এসি.০.০২০ ডেসি., এরিয়া : এসি.০.০৪০ ডেসি., চিহ্নিত স্থান : রেলওয়ে/বাস স্ট্যান্ড থেকে দূরত্ব ৫ কিমি,** সম্পত্তির ধরন: বসবাসের বাস্তু, সম্পত্তির উপ শ্রেণি : জমি এবং তদস্থিত ভবন, স্বত্ব বিস্তারিত : বিক্রয় দলিল , নির্মিত : ১৩০৬৩ বর্গফুট, ভবনের বয়স : ৪৮ বছর। | ₹৪৮,০৯,৮১৩/- ৩১.০৮.২০১৫ তারিখ অনুযায়ী + সুদ এবং অন্যান্য খরচ | ১১.০৯.২০১৫ / ২২.০১.২০১৬ | ₹৫৯,৯১,৬৫০/- / ₹৫,৯৯,১৬৫/- | জয় পট্টনাইক মোঃ নং : ৯৯৪০৯৫৫১০৮ |

**ই-অকশনের তারিখ এবং সময় : ২২.০৮.২০২৪ সকাল ১১.০০টা থেকে রাত ৮.০০টার মধ্যে**
(প্রতিটি ১০ মিনিটের সীমাহীন বর্ধিতকরণ সহ)

**অনলাইন ই-নিলামের নিয়ম এবং শর্তাদি : ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রলসের নির্ধারিত নিয়ম এবং শর্তাধীনে এবং নিম্নোক্ত অতিরিক্ত শর্তাধীনে বিক্রয় সম্পাদিত হবে।**
১) নিলাম বিক্রয় সম্পাদিত হবে ‘‘অনলাইন মাধ্যমে ই-নিলামে’’ পোর্টাল **https://ebkray.in/education-psb/x-login তারিখ ২২.০৮.২০২৪ সকাল ১১টা থেকে রাত ৮টা পর্যন্ত।** ২) আগ্রহী ডাকদাতারা সংশ্লিষ্ট পোর্টালে **https://ebkray.in/education-psb/x-login** তাদের নাম নথিভুক্ত করতে হবে। ৩) নিম্নোক্ত বিবরণাদি প্রাপ্ত নথি এবং অনুমোদিত অফিসার কর্তৃক সংগৃহীত তথ্য অনুযায়ী প্রদত্ত। ৪) ব্যাঙ্কের অনুমোদিত অফিসার সংশ্লিষ্ট নিলাম বিক্রয় প্রক্রিয়াধীন, ব্যাঙ্কেরও জ্ঞাত নয় -সংশ্লিষ্ট কোনও সরকারি বকেয়া বা ব্যক্তি বকেয়া, চার্জ, লিয়েন, দায়বদ্ধতা সম্পর্কে কোনওরূপ দায় গ্রহণ করবেন না। ৫) সম্পত্তি বিক্রয় করা হবে **‘‘যেখানে যে অবস্থায় আছে’’, ‘‘যেখানে যা আছে ভিত্তিতে’’** এবং **‘‘যেমন আছে ভিত্তিতে’’** এবং আগ্রহী ডাকদাতাদের সংশ্লিষ্ট সম্পত্তিতে কোনও দখলদারি, বিধিবদ্ধ দায়, বকেয়া-সম্পত্তি কর, বিদ্যুৎ বিল বকেয়া ইত্যাদি সম্পর্কে বিস্তারিত জ্ঞাত হতে হবে এবং সম্পত্তির স্বত্ব, সম্পত্তির মান ইত্যাদি সম্পর্কে ডাক দাখিলের পূর্বেই জেনে নিতে হবে। সংশ্লিষ্ট বিক্রয় প্রক্রিয়াধীন সম্পত্তি সম্পর্কে কোনও চার্জ, দখলদারি,বা অন্যকোনও ভাবে ইত্যাদি সম্পর্কে অনলাইন ডাক দাখিলের পর. কোনও দাবি গ্রাহ্য করা হবে না। ৬) আগ্রহী ডাকদাতা বা ক্রেতাকে তাদের নাম ই-বিকারি পোর্টালে নথিভুক্ত করতে এবং বায়না জমা দাখিল (ইএমডি) পরিমাণ উল্লিখিত মতে অনলাইনে আরটিজিএস বা এনইএফটি মাধ্যমে করতে অনুরোধ করা হচ্ছে। ইএমডি দাখিলের শেষ তারিখ **২১.০৮.২০২৪ বিকেল ৪টা পর্যন্ত।** ৭) ডাকদাতারা তাদের প্রস্তাব ডাক ২০,০০০.০০ (কুড়ি হাজার টাকা) টাকার গুণীতকে প্রতিটির ক্ষেত্রে ১০ মিনিটের অসীমায়িত সম্প্রসারণ সাপেক্ষে বৃদ্ধি করতে পারেন। ৮) সফল ডাকদাতাকে ডাক মূল্যের ২৫ শতাংশ অর্থ (প্রদত্ত ইএমডি সহ) , দাখিল করতে হবে ই-নিলাম বিক্রয় প্রক্রিয়া সমাপ্ত হওয়ার অব্যবহিত পরবর্তীতে সংশ্লিষ্ট দিনেই বা পরবর্তী কাজের দিনে এবং অবশিষ্ট ৭৫ শতাংশ পরিমাণ তাদের জ্ঞাত করা সংশ্লিষ্ট বিক্রয় বিষয়ে গৃহীত/নির্ধারিত অনুযায়ী তারিখ থেকে ১৫ দিনের মধ্যে সিডিউলড কমার্শিয়াল ব্যাঙ্ক কর্তৃক ইস্যু করা ব্যাঙ্কার্স চেক/ডিমান্ড ড্রাফটের আকারে **‘‘অনুমোদিত অফিসার ইউকো ব্যাঙ্ক, জোনাল অফিস বালাসোর, বালাসোরে প্রদেয় -এর অনুকূলে বা আরটিজিএস/ এনইএফটি মাধ্যমে এ/সি নং ০৪৬২০২১০০০২৭০৪ আইএফএসসি - UCBA0000462** দাখিল করতে হবে। ৯) ব্যাঙ্কের নিশ্চিতকরণ সাপেক্ষে বিক্রয় সম্পাদিত হবে। ঋণগ্রহীতা/জামিনদাতা বিক্রয়ের পূর্বে ব্যাঙ্কের সম্পূর্ণ বকেয়া প্রদান করেন তবে বিক্রয় সম্পাদিত হবে না। ১০) অনুমোদিত অফিসার কর্তৃক ই-নিলাম চূড়ান্ত ঘোষণার পর কেবল সফল ডাকদাতাকেই বিষয়টি পরিষেবা প্রদায়ক সংস্থা কর্তৃক এসএমএস/ইমেল মাধমে জানানো হবে (মোবাইল নম্বরে/তাদের প্রদত্ত ইমেল ঠিকানায়/পরিষেবা প্রদায়কের নিকট নথিভুক্ত) অনুযায়ী। ১১) নিম্নস্বাক্ষরকারী কোনও কারণ ব্যতীতই বা কোনও পূর্ব নোটিশ ব্যতীতই যেকোনও ডাক গ্রহণ বা বিক্রয় বাতিল বা স্থগিত/মুলতবি/বাতিল/সংশোধন/বন্ধ করতে পারেন বা নিয়ম এবং শর্তাদি পরিবর্তন করার অধিকার রাখেন। ১২) ক্রেতাকে সম্পত্তি বিক্রয় এবং দখল সম্পর্কিত বর্তমান এবং ভবিষ্যতের সংশ্লিষ্ট করের হার এবং বর্ধিত হার উভয়ত সরকারে প্রদেয় বিধিবদ্ধ বকেয়া, সম্পত্তি বিক্রয় নথিভুক্তির পরিবর্তন চার্জ সমুদয় স্ট্যাম্প ডিউটি বহন করতে হবে। সম্পূর্ণ ডাক পরিমাণ আদায়দান সাপেক্ষে কেবল সফল ডাকদাতার নামেই বিক্রয় সার্টিফিকেট ইস্যু করা হবে। ১৩) সফল ডাকদাতা কর্তৃক বিক্রয় মূল্য ব্যাঙ্কের নিকট প্রদান করা হবে ১৯৬১ সালের আয়কর আইনের ধারা ১৯৪-আইএ অধীনে টিডিএস সাপেক্ষে এবং টিডিএস প্রদান করতে হবে সফল ডাকদাতাকে অবশিষ্ট ৭৫ শতাংশ ডাক পরিমাণ/ সম্পূর্ণ ডাক পরিমাণ দাখিলের সময়ে। ১৪) আগ্রহী ডাকদাতা বা ক্রেতা সংশ্লিষ্ট সম্পত্তি ই-নিলাম বিক্রয়ের ৭ দিন পূর্বে **১৬.০৮.২০২৪ থেকে ২১.০৮.২০২৪ পর্যন্ত তারিখে সকাল ১০টা থেকে বিকেল ৪টার মধ্যে** পর্যবেক্ষণ করতে পারেন। ১৫) উল্লিখিত ঋণগ্রহীতা/জামিনদাতাগণের প্রতি ২০০২ সালের সারফেসি আইনের রুল ৯(১) অধীনে **১৫ দিনের** বিধিবদ্ধ বিক্রয় নোটিশ হিসেবে প্রকাশ করা হল এবং সংশ্লিষ্ট সকল সম্পত্তি ব্যাঙ্কের প্রতীকী দখলীকৃত।

**স্থান : বালাসোর, তারিখ: ২৬.০৭.২০২৪** **অনুমোদিত অফিসার, ইউকো ব্যাঙ্ক, জোনাল অফিস, বালাসোর**




EKDIN, VOL. 18, ISSUE NO. 48, KOLKATA, SATURDAY
27 JULY 2024, PAGE 8
কলকাতা ২৭ জুলাই ২০২৪

# মানুষ হিসেবে খেলোয়াড়দের বোঝা গম্ভীরের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ, মনে করেন শাস্ত্রী


**নিজস্ব প্রতিনিধি:** ভারতের নতুন প্রধান কোচ হিসেবে গৌতম গম্ভীরের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ হবে খেলোয়াড় ও তাঁদের মেজাজ বোঝা;এমন মনে করেন রবি শাস্ত্রী। ভারতের সাবেক প্রধান কোচ আরও বলেছেন, গম্ভীর সমসাময়িক বলে নতুন ভাবনা আনতে পারবেন।

চুক্তি নবায়ন না করায় টি-টোয়েন্টি বিশ্বকাপ দিয়ে ভারতের প্রধান কোচ হিসেবে মেয়াদ শেষ হয়ে গেছে রাহুল দ্রাবিড়ের। তাঁর স্থলাভিষিক্ত হয়েছেন গম্ভীর। যিনি এই প্রথম সরাসরি কোনো দলের কোচের দায়িত্ব নিয়েছেন। শ্রীলঙ্কার বিপক্ষে আগামীকাল শুরু হবে ভারতের টি-টোয়েন্টি সিরিজ, যেটি হতে যাচ্ছে গম্ভীরের অধীনে প্রথম।

আইসিসি রিভিউ অনুষ্ঠানে ৪২ বছর বয়সী গম্ভীরকে নিয়ে শাস্ত্রী বলেছেন, 'সে সমসাময়িক, আইপিএলে সদ্যই দারুণ একটি মৌসুম গেছে তার। আমার মনে হয় সে উপযুক্ত বয়সে আছে, সে তরুণ। নতুন ভাবনা আনবে। বিশেষ করে সাদা বলে সে বেশির ভাগ খেলোয়াড়কে জানে, আইপিএলে দলগুলোর অংশ ছিল বলে।'

সম্প্রতি কলকাতা নাইট রাইডার্সে সাফল্য পেয়েছেন গম্ভীর। যদিও আইপিএলের দলটির মেন্টর হিসেবেই ছিলেন সাবেক এ






ব্যাটসম্যান। তবে খেলোয়াড়দের একসূত্রে গাঁথা, সুনীল নারাইনকে আবার ওপেনিংয়ে ফেরানো, হার্শিত রানার আত্মবিশ্বাস বাড়িয়ে দেওয়ার মতো ব্যাপারে কৃতিত্ব দেওয়া হচ্ছে গম্ভীরকে।

তবে ভারত জাতীয় দলকে সামলানো যে ভিন্ন ধরনের এক চ্যালেঞ্জ, সেটি জানা কথাই। শাস্ত্রী বলেছেন, 'অবশ্যই খেলোয়াড় ব্যবস্থাপনা কোচ হিসেবে গুরুত্বপূর্ণ। সে কীভাবে এগোয়, সেটি দেখাটা চমকপ্রদ হবে। আমার মনে হয় তার অস্ত্র আছে, তার উপকরণ আছে এবং তার অভিজ্ঞতাও আছে।'

শাস্ত্রীর মতে, গম্ভীরের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হবে মানুষ হিসেবে তাঁর খেলোয়াড়দের বোঝা, তাঁদের মেজাজ বোঝা। শাস্ত্রী বলেন, 'যত দ্রুত সম্ভব খেলোয়াড়দের বুঝতে পারাটাই ব্যাপার। তাদের শক্তির জায়গা কোনটি, তারা কেমন মানুষ এবং মেজাজ কেমন। তাদের ব্যক্তিত্ব কেমন। একজন মানুষকে বুঝতে পর্দার আড়ালে অনেক কিছুই করতে হয়।'

তবে সেই গুরুত্বপূর্ণ কাজেও গম্ভীরের ঝামেলা হবে না বলে মনে করেন বর্তমানে ধারাভাষ্যে ফিরে যাওয়া শাস্ত্রী, 'আমার মনে হয় সেটিই তার সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হবে, যেটি তার জন্য সমস্যাও হবে না। কারণ সে সমসাময়িক। সে তাদের বাইরে থেকে দেখেছে, যারা কলকাতা ও লক্ষ্ণৌয়ের হয়ে খেলেছে তাদের সামলেছেও।'

সেপ্টেম্বরে বাংলাদেশের বিপক্ষে দুই টেস্টের সিরিজটি হবে এ সংস্করণের কোচ গম্ভীরের প্রথম। এরপর দেশের মাটিতে নিউজিল্যান্ডের বিপক্ষে আরও দুটি টেস্ট আছে ভারতের। এরপর অস্ট্রেলিয়ায় বোর্ডার-গাভাস্কার ট্রফিতে ভারত খেলবে পাঁচটি টেস্ট।

এদিকে ভারতের সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, গম্ভীরের কোচিং প্যানেলে যোগ দিয়েছেন নেদারল্যান্ডসের সাবেক অলরাউন্ডার রায়ান টেন ডেসকাটে। এ ব্যাপারে বিসিসিআই এখনো আনুষ্ঠানিকভাবে কিছু না জানালেও ভারতের সংবাদমাধ্যমগুলো বলছে, শ্রীলঙ্কায় জাতীয় দলের অনুশীলনে দেখা গেছে ডেসকাটেকে।

এর আগে কলকাতা নাইট রাইডার্সের কোচিং স্টাফেও ছিলেন ডেসকাটে। কলকাতায় গম্ভীরের অধিনায়কত্বে তিনি একসময় খেলেছেনও। ডেসকাটে ছাড়াও ভারত জাতীয় দলে গম্ভীরের সহকারী কোচ হিসেবে অভিষেক নায়ারও যোগ দিয়েছেন বলে জানাচ্ছে ভারতের সংবাদমাধ্যম। নায়ারও কলকাতায় গম্ভীরের সঙ্গে কাজ করেছেন। এ ব্যাপারেও আনুষ্ঠানিকভাবে কিছু জানায়নি বিসিসিআই। এদিকে বোলিং কোচ হিসেবে সাবেক দক্ষিণ আফ্রিকান পেসার মরনে মরকেলকে গম্ভীর চান বলেও সংবাদ প্রকাশিত হয়েছে।


# খণ্ডচিত্রে প্যারিস অলিম্পিক উদ্বোধন
















# 'প্যারিসে রেল নেটওয়ার্কে হামলাকারীদের খুঁজে বের করে শাস্তি দেওয়া হবে'



**নিজস্ব প্রতিনিধি:** অলিম্পিক শুরু হতে আর কয়েক ঘণ্টার অল্প সময়ই বাকি, কিন্তু এর মধ্যেই বড় বিপর্যয় গ্রাস করেছে প্যারিস শহরকে। দুষ্কৃতকারীদের হামলায় বাজেভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে প্যারিসের দ্রুতগতির রেল নেটওয়ার্ক। এতে করে ভোগান্তিতে পড়েছেন লাখ লাখ মানুষ। তবে এই হামলায় ভয় না পাওয়ার আহ্বান সবার প্রতি জানিয়েছেন ফ্রান্সের প্রধানমন্ত্রী গাব্রিয়েল আত্তাল। একই সঙ্গে তিনি দ্রুতই হামলাকারীদের খুঁজে বের করে শাস্তির ব্যবস্থা করার কথাও বলেছেন।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে আত্তাল এক পোস্টে লিখেছেন, 'আমাদের গোয়েন্দা সংস্থা আর আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এই অপরাধীদের খুঁজে বের করা এবং শাস্তি দেওয়ার কাজ শুরু করেছে।'

বার্তা সংস্থা এএফপি তদন্তকারী কর্মকর্তাদের বরাতে জানিয়েছে, 'এটি দুষ্কৃতকারীদের কাজ। সবচেয়ে বেশি ক্ষতি হয়েছে উচ্চগতির ট্রেন ও রেল ট্র্যাকের। ফ্রান্সের রাষ্ট্রায়ত্ত রেল নেটওয়ার্ক কর্তৃপক্ষ এসএনসিএফের কর্তারা জানিয়েছেন, বৃহস্পতিবার রাতেই প্যারিসের সঙ্গে ফ্রান্সের অন্যান্য শহরের যোগাযোগের রেল লাইনগুলোয় হামলা চালায় দুষ্কৃতকারীরা। বিভিন্ন স্থানে রেললাইন উপড়ে ফেলার ঘটনাও ঘটেছে। এতে করে পুরো ফ্রান্সের রেল নেটওয়ার্ক লন্ডভন্ড হয়ে গেছে বলেই জানিয়েছেন এসএনসিএফের কর্তারা। এ ঘটনায় ফ্রান্সের আট লাখ রেলযাত্রী ভোগান্তিতে পড়েছেন।'

ফ্রান্সের পরিবহনমন্ত্রী পাত্রিস ভারগিরাত বলেছেন, পুরো নেটওয়ার্ক আবার স্বাভাবিক করতে সপ্তাহখানেক সময় লাগবে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর এক কর্মকর্তা জানিয়েছেন, হামলার ধরন ও আলামত দেখে তাঁর মনে হয়েছে, এটি বিচ্ছিন্ন কোনো ঘটনা নয়। অলিম্পিক আয়োজনকে বাধাগ্রস্ত করতেই এটি করা হয়েছে বলে তিনি মনে করেন।

এবারের অলিম্পিক আয়োজনকে কেন্দ্র করে ব্যাপক নিরাপত্তাব্যবস্থা নিয়েছে ফ্রান্স সরকার। রাজধানী প্যারিসের নিরাপত্তাব্যবস্থা রীতিমতো নজিরবিহীন। প্রায় ৫০ হাজারের কাছাকাছি পুলিশ নিরাপত্তার দায়িত্ব পালন করছে।

১০ হাজার সেনা সদস্যও মোতায়েন আছে। এর পাশাপাশি বিভিন্ন বেসরকারি নিরাপত্তা সংস্থাও অলিম্পিকে নিরাপত্তার দায়িত্ব পালন করছে।

এখনো পর্যন্ত রেল নেটওয়ার্কে এই হামলার দায় কোনো গোষ্ঠী স্বীকার করেনি। ফ্রান্সের ক্রীড়ামন্ত্রী এমিলি কাস্তেরা বলেছেন, 'এই হামলার খবর আমাকে রীতিমতো হতবাক করে দিয়েছে। পুরো ব্যাপারটিই ধ্বংসাত্মক।

# 'বিয়ের সময় স্ত্রী খুব ছোট ছিল', বাল্য বিবাহকেই কি সমর্থন? রজ্জাকের মন্তব্যে বিতর্ক

**নিজস্ব প্রতিনিধি:** আব্দুল রজ্জাকের একটি মন্তব্য নিয়ে তৈরি হয়েছে বিতর্ক। পাকিস্তানের প্রাক্তন ক্রিকেটার বলেছেন, বিয়ের সময় তাঁর স্ত্রীয়ের বয়স খুব কম ছিল। অনেকে মনে করছেন এই মন্তব্য করে বাল্য বিবাহকেই উৎসাহ দিয়েছেন পাকিস্তানের ক্রিকেটার।

২০২৩ সালের একটি ভিডিয়োয় রজ্জাক বিয়ে নিয়ে মন্তব্য করেন। পাকিস্তানের এক চ্যানেলে তিনি বার বার স্ত্রীয়ের সম্পর্কে বলেন, তও খুব ছোট ছিল। রজ্জাকের স্ত্রী আয়েশা। বিয়ের সময় তাঁর বয়স খুব কম ছিল বলে জানিয়েছেন পাকিস্তানের প্রাক্তন ক্রিকেটার। রজ্জাকের ওই মন্তব্য খুব ভাল ভাবে নেননি অনেকেই। অনেকের মতে রজ্জাক বাল্য বিবাহকে উৎসাহ দিয়েছেন।

গত বছর ঐশ্বর্যা রাই বচ্চনকে নিয়ে মন্তব্য করেছিলেন রজ্জাক। এক দিনের বিশ্বকাপ থেকে পাকিস্তানের বিদায়ের পরে সে দেশের একটি টেলিভিশন চ্যানেলে তিনি বলেছিলেন, ''যদি আমি ভাবি যে ঐশ্বর্যার সঙ্গে আমার বিয়ে হবে, তার পর সুন্দর সুন্দর সন্তান হবে, সেটা কি কখনও সম্ভব! আগে নিজের মানসিকতা ঠিক করতে হবে। বুঝতে হবে যে আমি কী চাই। না হলে ভাল ক্রিকেটারও তৈরি হবে না আর পাকিস্তানও জিততে পারবে না।''

রজ্জাকের কথা শুনে সেই অনুষ্ঠানে উপস্থিত দর্শকেরা হেসে ওঠেন। কিন্তু অনকেই প্রাক্তন পাক ক্রিকেটারের সমালোচনা করেন। তাঁদের মতে, পাকিস্তান ক্রিকেট বোর্ডের সমালোচনা করতে গিয়ে অন্য কোনও উদাহরণ দিতে পারতেন রজ্জাক। ঐশ্বর্যার মতো এক জন খ্যাতনামীর নাম টেনে ভাল করেননি তিনি। এতে তিনি নিজেকেই মজার পাত্র করে তুলেছেন বলে মত আরও অনেকের।



# শনিবার ডুরান্ডের প্রথম দিনেই নামছে গত বারের বিজয়ী মোহনবাগান, প্রতিপক্ষ ডাউনটাউন হিরোজ


মোহনবাগান মাঠে অনুশীলন করলেন সবুজ-মেরুণ ফুটবলাররা।

**নিজস্ব প্রতিনিধি:** শনিবার থেকে শুরু হচ্ছে ডুরান্ড কাপ। গত বারের চ্যাম্পিয়ন মোহনবাগান নামছে প্রথম দিনেই। যুবভারতী স্টেডিয়ামে প্রতিপক্ষ ডাউনটাউন হিরোজ। কাশ্মীরের ক্লাবের বিরুদ্ধে সতর্ক মোহনবাগান। আরও বেশি সাবধানি, কারণ কলকাতা লিগে এ বছর তাদের পারফরম্যান্স একেবারেই ভাল নয়। তবে কলকাতা লিগের প্রভাব ডুরান্ড কাপে পড়বে না বলে জানিয়ে দিয়েছেন বাস্তব রায়। মূল দলের সহকারী কোচ হলেও ডুরান্ডে তাঁর অধীনেই খেলবে মোহনবাগান।

শুক্রবার সাংবাদিক বৈঠকে সদ্য চুক্তি হওয়া গোলকিপার ধীরজ সিংহকে নিয়ে এসেছিলেন বাস্তব। তিনি বলেন, তপ্রতিপক্ষকে যথেষ্ট গুরুত্ব দিচ্ছি। কারণ, ওরা আমাদের কাছে পুরোপুরি অজানা। এ বছর একটাও ম্যাচ খেলেনি। ওদের চিনি না। আমাদের কাছে যত দূর খবর, ওরা দু'জন বিদেশি নিয়ে এসেছে। তাই হালকা করে দেখার কারণ নেই। মোহনবাগান কাউকে হালকা নেয় না।দ

কলকাতা লিগের খারাপ পারফরম্যান্স প্রসঙ্গে তিনি বলেছেন, কলকাতা লিগের সঙ্গে এটাকে জড়াবেন না। এটা সর্বভারতীয় প্রতিযোগিতা। ছেলেরা খেলার জন্য মুখিয়ে আছে।

খারাপ সময়টা কাটাতে চাই ডুরান্ডে। কলকাতা লিগে খেলার জন্য আমাদের আলাদা দল রয়েছে। কোনও অসুবিধা নেই দুটো প্রতিযোগিতা একসঙ্গে চললে। তবে আপাতত কালকের ম্যাচের দল সাজাব। তার পর কোচ এসে সিদ্ধান্ত নেবেন। ওটায় আমার কোনও হাত নেই।

তবে কলকাতা লিগের পারফরম্যান্স নিয়ে যে খুব একটা খুশি নন, এটা বলে দিয়েছেন বাস্তব। তাঁর কথায়, রিজার্ভ দলে যারা খেলছে তারা কেউ প্রতিষ্ঠিত নয়। নিজেকে কেউ যদি প্রতিষ্ঠিত মনে করে সেটা ভাল নয়। ওদের কাছে সুযোগ রয়েছে। নিজেকে প্রমাণ করতে না পারলে ক্লাব কারও জন্য বসে থাকবে না।

এ দিকে, সাড়ে তিন বছর পর আবার মোহনবাগানে ফিরে খুশি ধীরজ। এ দিন বলেছেন, দু'মাসের বিরতি পেয়েছি। অফ-সিজনে নিজেকে ফিট রাখার চেষ্টা করেছি। তবে খেলাবেন কি না সেটা কোচের সিদ্ধান্ত। মোহনবাগানে আবার ফিরতে পেরে ভাল লাগছে।

যদিও ধীরজকে খেলানোর সম্ভাবনা কম। আশিক কুরুনিয়ন এবং ধীরজকে অনুশীলনে আরও ভাল করে দেখে নিয়ে মাঠে নামানোর পক্ষপাতী মোহনবাগান। এ দিকে, বৃহস্পতিবার শহরে এসে শুক্রবার অনুশীলনে যোগ দেন স্কটিশ ডিফেন্ডার টম অলড্রেড। তবে বল পায়ে অনুশীলন করেননি। স্ট্রেচিং করেই সময় কাটিয়েছেন। দীর্ঘ ক্ষণ বাস্তবের সঙ্গে কথা বলতেও দেখা যায়।

# লরাঁ ও সেসিল লান্দির জন্য পারিবারিক এক অলিম্পিক

**নিজস্ব প্রতিনিধি:** লরাঁ লান্দি ও সেসিল লান্দি, নাম দুটি শুনেই হয়তো বুঝে গেছেন, দুজনের মধ্যে কোনো না কোনো সম্পর্ক আছে। হ্যাঁ, তাঁরা স্বামী-স্ত্রী। দুজনই ছিলেন ফ্রান্সের জিমন্যাস্ট দলের সদস্য। একজন পুরুষ দলের, অন্যজন নারী দলের। লরাঁর জন্ম ফ্রান্সে হলেও তিনি যুক্তরাষ্ট্রেরও নাগরিক। আর তাঁর স্ত্রী সেসিল ফ্রান্সের নাগরিক। ফ্রান্সের হয়ে অংশ নিয়েছেন ১৯৯৬ অলিম্পিকে।

এবার অলিম্পিক হচ্ছে তাঁদের দেশ ফ্রান্সের রাজধানী প্যারিসে। ৪৬ বছর বয়সী লরাঁ ও ৪৪ বছর বয়সী সেসিলও আছেন এই অলিম্পিকে। থাকবেন জিমন্যাস্টিকস ফ্লোরের পাশে। তাঁরা দুজনই যে যুক্তরাষ্ট্রের জিমন্যাস্ট সিমোনে বাইলসের কোচ। এবারের অলিম্পিকে ফ্রান্সের ডাইভিং দলে আছেন তাঁদের ১৭ বছর বয়সী মেয়ে জুলিয়ে লান্দিও। সব মিলিয়ে লান্দি পরিবারের জন্য এবারের প্যারিস অলিম্পিকটা পারিবারিকই।



জিমন্যাস্টিকসে বাইলসকে সোনা জেতাতে সাধ্যমতো চেষ্টা করবেন দুই লান্দি, লরাঁ ও সেসিল। অন্যদিকে তাঁরা প্রার্থনা করবেন ডাইভিংয়ে সিনক্রোনাইজড ৩ মিটার স্প্রিংবোর্ড ইভেন্টে মেয়ে জুলিয়ে যেন ভালো করেন।

বাইলস আর তাঁর যুক্তরাষ্ট্র দলের সতীর্থদের অনুশীলন করানোর পর সেসিল লান্দি এমন একটি অভিজ্ঞতার বিষয়ে বলেছেন, 'আমি এই স্বপ্ন কখনোই দেখিনি। আমরা দুজন (স্বামী-স্ত্রী) ফ্রান্সে, প্যারিসে অলিম্পিক ভিলেজে...কান্না থামিয়ে রাখার চেষ্টা করছি আমি।'

একজন জিমন্যাস্ট ও কোচ হিসেবে লম্বা ক্যারিয়ার কাটানোর পর অলিম্পিকে টেনিসের রাফায়েল নাদাল ও সাঁতারের কেটি লেডেকির মতো তারকাদের সঙ্গে সাক্ষাৎ হওয়ার অভিজ্ঞতায় আরও একবার আপ্লুত সেসিল, 'এটা পাগলাটে, কিন্তু অলিম্পিক এ রকমই। সবাইকে দেখতে পাওয়াটা অসাধারণ এক ব্যাপার।'

সেসিল লান্দি এরপর যোগ করেন, 'এসব অ্যাথলেটের পাশে থাকতে পারাটা দারুণ। এখানে সবাই একই কারণে এসেছে, অলিম্পিকে প্রতিদ্বন্দ্বিতা করতে এবং আমার কাছে এটা অসাধারণ ব্যাপার।'


কেক কেটে আসিয়ান কাপ জয়ের ২১তম বর্ষ পালন করা হল ইস্টবেঙ্গল ক্লাবে।

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001** **RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

**নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড**-এর পক্ষে **কৃষ্ণানন্দ সিং** কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com **সম্পাদক- সন্তোষ কুমার সিং**